# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 13, 1433 Bangla, may 27, 2026, Wednesday, No. 144, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman will distribute food and clothes to underprivileged people in Dhaka, marking 45th martyrdom anniversary of martyred President Ziaur Rahman. (Jago News: 21)

Minister of Law, Justice and Parliamentary Affairs has directed administration and judiciary to ensure 100% justice in the Ramisa murder case. (R. Today: 22)

Road Transport, Shipping, and Railways Minister has said that both public and private sectors lack a sufficient number of roadworthy vehicles to accommodate massive surge of traveling during Eid rush. (DW: 09)

RAB Director General has confirmed that no specific terror or sabotage threats have been detected for Eid-ul-Adha so far. (Jago News: 11)

Around 100 percent of BGMEA member factories have successfully cleared workers' wages and Eid-ul-Adha bonuses ahead of festival. (Jago news: 15)

Authorisenior officials of Electricity Division and all departments and organizations under it to monitor power situation around clock to ensure uninterrupted power supply during holy Eid-ul-Azha. (Jago news: 20)

Ten More children have died from Measles and measles like symptoms. (Jago News: 16)

Director General of RAB has admitted their weakness in incident of Yasin Bahini ambush in remote jungle of Salimpur in Sitakunda, Chittagong. (R. Today: 22)

US has launched new striked on Iran. (DW: 09)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ১৩, বাংলা ১৪৩৩, মে ২৭, ২০২৬, বুধবার, নং- ১৪৪, ৫৬তম বছর**

# শিরোনাম

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে রাজধানীতে দুস্থ ও অসহায় মানুষের মধ্যে খাদ্যসামগ্রী ও বস্ত্র বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ২১)

রামিসা হত্যার ঘটনায় শতভাগ ন্যায়বিচার নিশ্চিত করতে প্রশাসন ও বিচার বিভাগকে নির্দেশ দিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী । (রে. টুডে: ২২)

ঈদযাত্রার জন্য বেসরকারি সরকারি খাত মিলিয়ে পর্যাপ্ত যানবাহন নেই বলে জানিয়েছে সড়ক পরিবহন ও সেতু, নৌপরিবহন এবং রেল মন্ত্রী । (ডয়েচে ভেলে: ০৯)

পবিত্র ঈদুল আজাহাকে কেন্দ্র করে এখন পর্যন্ত কোন সুনির্দিষ্ট হুমকি নেই বলে জানিয়েছে র‍্যাব মহাপরিচালক। (জাগো নিউজ: ১১)

পবিত্র ঈদুল আজাহা উপলক্ষ্যে বিজিএমইএ সদস্য কারখানাগুলোতে প্রায় শতভাগ বেতন ও বোনাস পরিশোধ করা হয়েছে। (জাগো নিউজ: ১৫)

পবিত্র ঈদুল আজহায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ ও এর অধীন সব দপ্তর ও সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তাদের বিদ্যুৎ পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণের নির্দেশনা দিয়েছে কর্তৃপক্ষ। (জাগো নিউজ: ২০)

দেশে হাম ও হামের উপসর্গ নিয়ে আরো ১০ শিশুর মৃত্যু। (জাগো নিউজ: ১৬)

চট্টগ্রামের সীতাকুণ্ডের দুর্গম জঙ্গল সলিমপুরে ইয়াসিন বাহিনীর অতর্কিত হামলার ঘটনায় নিজেদের দুর্বলতা স্বীকার করেছেন র‍্যাব মহাপরিচালক। (রে. টুডে: ২২)

ইরানে আবারো হামলা চালিয়েছে আমেরিকা। (ডয়েচে ভেলে: ০৯)

# বিবিসি

## বাংলাদেশ থেকে ভারতে আসা মতুয়ারা কেন নাগরিকত্ব পাওয়া নিয়ে নতুন করে দুশ্চিন্তায়?

বাংলাদেশ থেকে হিন্দু ধর্মাবলম্বী মতুয়া সম্প্রদায়ের যে-সব মানুষ ভারতে চলে এসেছিলেন, তাদের যে কথিত 'অনুপ্রবেশকারী' নয়, বরং 'শরণার্থী' বলা হবে, বিজেপি দীর্ঘদিন ধরেই সেই আশ্বাস দিয়ে এসেছে। এখন বিজেপিই পশ্চিমবঙ্গের ক্ষমতায় এসেছে, তবুও মতুয়া সম্প্রদায়ের অনেক মানুষের মধ্যে নতুন করে অনিশ্চয়তা তৈরি হয়েছে যে, তারা ভারতের নাগরিকত্ব পাবেন কি না। তাদের নতুন এই অনিশ্চয়তার সূত্রপাত রাজ্যের নতুন মুখ্যমন্ত্রীর একটি ঘোষণার পরে। মতুয়া সম্প্রদায়ের একাংশের সেইসব প্রশ্ন নিয়েই সোমবার এক বৈঠকে বসেছিলেন রাজ্যের ক্যাবিনেট মন্ত্রী অশোক কীর্তনিয়া, যিনি নিজেও মতুয়া সম্প্রদায়ের মানুষ। দীর্ঘদিন ধরেই বিজেপি নেতারা বারবার এই আশ্বাস দিয়ে এসেছেন যে, ভারতের সংশোধিত নাগরিকত্ব আইন বা সিএএ-তে আবেদন করলে বাংলাদেশ থেকে আসা হিন্দু 'শরণার্থীরা' নাগরিকত্ব পেয়ে যাবেন। সরকার গঠনের পরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন যে, বাংলাদেশ থেকে আসা, তার ভাষায় 'অনুপ্রবেশকারীদের', তার রাজ্যের পুলিশ আটক করে বিএসএফের হাতে তুলে দেবে, যাতে সেই কথিত অনুপ্রবেশকারীদের বাংলাদেশে ফেরত পাঠিয়ে দেওয়া যায়। তিনি বলেছিলেন, "যারা ভারতের সীমান্ত পেরিয়ে এসেছেন, কিন্তু নাগরিকত্ব সংশোধনী আইন সিএএ-এর আওতায় পড়েন না, তারা পুরোপুরি অবৈধ অনুপ্রবেশকারী।" "তাদের সরাসরি রাজ্য পুলিশ গ্রেফতার করবে, আটক করবে এবং বর্ডার সিকিউরিটি ফোর্স বা বিএসএফ-এর হাতে তুলে দেবে। বিএসএফ বিডিআরের (বিজিবির পুরোনো নাম) সঙ্গে কথা বলে তাদের ডিপোর্ট করার ব্যবস্থা করবে অর্থাৎ ডিটেক্ট, ডিলিট, এবং ডিপোর্ট।" বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীকে মি. অধিকারী ওই বাহিনীর পুরোনো নাম বিডিআর বলেই উল্লেখ করেছিলেন।

ওই ঘোষণায় এটা স্পষ্ট নয় যে, 'সিএএ-এর আওতায় পড়েন না'- এই কথাটির অর্থ কি এই যে, যারা সংশোধিত নাগরিকত্ব আইন অনুযায়ী আবেদন করেননি, তাদেরই কথিত অনুপ্রবেশকারী বলা হবে? আবার নির্বাচনের আগে ভোটার তালিকায় যে নিবিড় সংশোধন বা এসআইআর প্রক্রিয়া চালানো হয়েছে, তাতে নাম বাদ পড়া হিন্দু ধর্মাবলম্বীদের একটি বড়ো অংশই মতুয়া সম্প্রদায়ের। তাই মতুয়া সম্প্রদায়ের অনেকেই মুখ্যমন্ত্রীর ঘোষণার পরে উদ্‌বিগ্ন হয়ে পড়েছেন এই ভেবে যে, তাদেরও কি তাহলে বাংলাদেশে ফেরত পাঠিয়ে দেওয়া হবে কথিত অনুপ্রবেশকারী হিসেবে চিহ্নিত করে? সোমবার এই সব প্রশ্নের জবাব দিতেই, মতুয়া সম্প্রদায়ের প্রতিনিধি ও পশ্চিমবঙ্গের নতুন সরকারের ক্যাবিনেট মন্ত্রী অশোক কীর্তনিয়ার সঙ্গে বৈঠকে বসেন মতুয়া সম্প্রদায়ের প্রায় একশ জন মানুষ।

### মতুয়াদের কী আশ্বাস দিলেন মন্ত্রী?

মতুয়া সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পরে মন্ত্রী অশোক কীর্তনিয়া বলেন, "মতুয়া সম্প্রদায়ের কোনো উদ্‌বাস্তু মানুষ, যারা ২০২৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ভারতে এসেছেন, তাদের কাউকে ফের উদ্‌বাস্তু হতে হবে না। আমি মতুয়াদের বলেছি, আপনাদের প্রতিনিধি নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করুন ও আপনদের দাবি তুলে ধরুন।" মতুয়াদের 'ধর্মগুরু' ঠাকুর পরিবারের সদস্য ও বিজেপির বিধায়ক সুব্রত ঠাকুর বিবিসিকে বলেছেন, "তৃণমূল কংগ্রেসের নেতা-নেত্রীরা এবং আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানুষকে অনেক ভুল বুঝিয়েছিলেন। সিএএ-তে আবেদন করা নিয়ে মানুষের মনে ভয়ের সৃষ্টি করেছিলেন। কিন্তু মানুষ সত্য বুঝতে পেরেছেন, তাই আজ আবার মতুয়াদের অনেকেই সিএএ-এর মাধ্যমে নাগরিকত্বের আবেদন করছেন। নাগরিকত্বের আবেদন জানাতে শিবিরও শুরু করেছেন তিনি। তার কথায়, "আমাদের বিধায়কদের মধ্যে অনেকেই, আমি নিজেই, আবার সিএএ ক্যাম্প চালু করেছি। এসআইআরের সময়েও এই ক্যাম্পে অনেক মানুষকে এই আবেদন প্রক্রিয়ায় সহায়তা দেওয়া হয়েছে।" ভারতের নাগরিকত্ব সংশোধনী আইন বা সিএএ অনুযায়ী, বাংলাদেশ, পাকিস্তান এবং আফগানিস্তান থেকে যে হিন্দু, শিখ, বৌদ্ধ, জৈন, পারসি এবং খ্রিষ্টান সম্প্রদায়ের মানুষ ২০২৪ সালের ৩১ ডিসেম্বরের আগে ভারতে এসেছেন, তারা ভারতীয় নাগরিকত্বের আবেদন করতে পারবেন। প্রতিবেশী দেশগুলোর মুসলিম সম্প্রদায়ের মানুষ এই আইনের আওতায় পড়েন না।

### দিতে হবে বাংলাদেশে 'ধর্মীয় নিপীড়নের' প্রমাণ

সিএএ-এর তালিকাভুক্তি পর্ব চলার সময়, পশ্চিমবঙ্গে মতুয়াদের মূল কেন্দ্রস্থল ঠাকুরনগরে বিজেপির পৃষ্ঠপোষকতায় বেশ কিছু সহায়তা শিবির গড়ে উঠেছিল। সেখানে সিএএ-এর অনলাইন আবেদনের পাশাপাশি প্রয়োজনীয় হলফনামা এবং মতুয়া ঠাকুরবাড়ির উদ্যোগে হিন্দু সনদ এবং মতুয়া সনদ সংগ্রহের জন্য সব মিলিয়ে ভারতীয় মুদ্রায় ৮০০ টাকা করে নেওয়া হচ্ছিল। মতুয়াদের বক্তব্য ছিল, এই সনদগুলো তাদের অধিকার নিশ্চিত করবে বলে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। তবে গত ৯ ডিসেম্বর সুপ্রিম কোর্ট পর্যবেক্ষণ দেয় যে, সিএএ-এর আওতায় অধিকার প্রদান বিষয়টি নির্ভর করবে আবেদনকারীর ধর্মীয় নিপীড়নের হাত থেকে পালিয়ে আসার দাবির সত্যতা যাচাই করার ওপর। অর্থাৎ, মতুয়া সমাজের সদস্যদের ভারতীয় নাগরিকত্ব পেতে বাংলাদেশ থেকে 'ধর্মীয় নিপীড়ন'-এর শিকার হওয়ার প্রমাণ দেওয়া বাধ্যতামূলক। ঠাকুরনগরের বাসিন্দা একজন ব্যক্তি, যিনি মতুয়া গোষ্ঠীর সদস্য, তিনি বিবিসিকে বলেছেন, "বিজেপি ক্ষমতায় আসার পর মানুষ আবার সজাগ হয়েছেন। অনেকেই বিশ্বাস করেন, হয়ত এবার কেন্দ্র আর রাজ্যের সম্মিলিত উদ্যোগে তাদের নাগরিকত্বের সমস্যা মিটবে। কিন্তু বিজেপি তাদের প্রতিশ্রুতি রাখবে কি না সেটা সময় বলবে।" সঞ্জয়

বিশ্বাস নামে তৃণমূল কংগ্রেসপন্থি একজন মতুয়া নেতা বিবিসিকে বলছেন, "বাংলাদেশের জমির দলিল অনেকের কাছেই নেই। সেটা সিএএ-এর আবেদনে একটা বড়ো সমস্যা হয়ে দাঁড়াচ্ছে। অনেক আবেদনকারী আবার তাদের বাংলাদেশি পাসপোর্ট পা পরিচয়পত্র সারেন্ডার করতে চাইছেন না।" এটা পরিষ্কার যে, ভারতের নাগরিকত্ব নিয়ে সংশয় অনেকের মনেই বাস্তব দুশ্চিন্তার রূপ নিয়েছে। মি. বিশ্বাস জানাচ্ছিলেন, "মানুষের মনে এ নিয়ে বিভ্রান্তি অনেক। এখন এমন পরিস্থিতি যে, সিএএ-এর মাধ্যমে নাগরিকত্বের আবেদন না করলে হয়ত আমাদের ডিটেনশন ক্যাম্পে পাঠিয়ে দেবে বা বাংলাদেশে পুশব্যাক করে দেবে। যারা নাগরিকত্ব পাননি এবং যাদের নাম ভোটার তালিকা থেকে এসআইআরের সময়ে বাদ গিয়েছে, তাদের মনে আরও বেশি করে ভয়।"

মতুয়া ও দলিত অধিকার নেতা বলে পরিচিত সুকৃতি রঞ্জন বিশ্বাস বলছিলেন, "সিএএ-এর অধীনে নাগরিকত্ব পাওয়ার জন্য যে-সব তথ্য-প্রমাণ ও কাগজপত্র দরকার, তা অধিকাংশ মানুষের কাছেই নেই। যার ফলে ভবিষ্যতে ভুয়া নথি তৈরি করার প্রবণতা বৃদ্ধি পেতে পারে।" তিনি আরও জানান, "সিএএ-এর অধীনে নাগরিকত্ব পেতে আবেদনকারীকে প্রথমে নিজেকে বাংলাদেশি নাগরিক বলে প্রমাণ করতে হবে। ফলে, পরবর্তীকালে যদি তার আবেদন গৃহীত না হয়, তাহলে তিনি সিএএ থেকে বাদ পড়বেন ও 'অনুপ্রবেশকারী' বলে তাকে বিবেচনা করা হতে পারে," জানাচ্ছিলেন সুকৃতি রঞ্জন বিশ্বাস। আবার এখনো পর্যন্ত কতজন সিএএ-এর অধীনে নাগরিকত্বের আবেদন করে ভারতের নাগরিক হয়েছেন, সে ব্যাপারেও কোনো স্পষ্ট তথ্য নেই। রাজ্যসভায় ২০২৫ সালের এপ্রিল মাসে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই বলেন, সিএএর অধীনে "হাজার হাজার মানুষ" নাগরিকত্ব পেয়েছেন। যদিও এর আগে তৃণমূল কংগ্রেস সংসদ সদস্য সুস্মিতা দেব রাজ্যসভায় দাবি করেন, মাত্র ৩৫০ জন মানুষ সিএএর মাধ্যমে নাগরিকত্ব পেয়েছেন।

**পশ্চিমবঙ্গের রাজনীতিতে যেভাবে মতুয়া সম্প্রদায়**

নমশূদ্র বা দলিত শ্রেণির হিন্দুদের মধ্যে কিছু মানুষ তৎকালীন পূর্ববঙ্গের ওড়াকান্দির সমাজ সংস্কারক হরিচাঁদ ঠাকুর ও গুরুচাঁদ ঠাকুরের নেতৃত্বে ঊনবিংশ শতাব্দীর শেষভাগে মতুয়া সম্প্রদায়ের সূচনা করেন। ১৯৪৭ সাল থেকে শুরু করে ১৯৭১ সালের যুদ্ধের পরবর্তী সময়কাল পর্যন্ত, মতুয়ারা পূর্ব পাকিস্তান ও পরে বাংলাদেশ ত্যাগ করে পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকায় বসতি স্থাপন করেন; এদের অধিকাংশই উত্তর ২৪ পরগনা, নদিয়া, হাওড়া, কোচবিহার এবং মালদার মতো সীমান্তবর্তী জেলাগুলোতে আশ্রয় নেন। ষাটের দশক থেকেই মতুয়ারা পশ্চিমবঙ্গের সক্রিয় রাজনীতিতে প্রবেশ করেন। হরিচাঁদ-গুরুচাঁদ ঠাকুরের বংশধর প্রমথরঞ্জন ঠাকুর প্রথম ১৯৬৩ সালে ভারতের জাতীয় কংগ্রেসের প্রার্থী হয়ে হাঁসখালি থেকে নির্বাচিত হয়ে আদিবাসী উন্নয়ন প্রতিমন্ত্রী হন। তখন থেকেই একাধিকবার দল বদল করে ঠাকুরবাড়ি সক্রিয় রাজনীতিতে যুক্ত থেকেছেন। বর্তমানে ৩০টিরও বেশি বিধানসভা আসনে মতুয়া সম্প্রদায়ের মানুষরা নির্ণায়ক ভূমিকা পালন করেন। এর মধ্যে অধিকাংশই উত্তর ২৪ পরগনা ও নদীয়া জেলায় অবস্থিত। বাম আমলে রাজনীতির সঙ্গে মতুয়াদের প্রধান ধর্মস্থান 'ঠাকুরবাড়ির' সম্পৃক্ততা প্রকাশ্যে আসত না। যদিও বামেদের দীর্ঘদিন ভোট দিয়ে এসেছেন মতুয়ারা। তবে ২০১১ সালে, যে বছর তৃণমূল কংগ্রেস ক্ষমতায় এলো, সেবছরের ভোটে মতুয়াদের বড়ো অংশ মমতা ব্যানার্জীকেই সমর্থন করেছিলেন। কিন্তু কয়েক বছর পরে মতুয়ারা স্পষ্টত দুইভাগে ভাগ হয়ে যান। 'ঠাকুরবাড়িতে' তৃণমূলপন্থি ও বিজেপি সমর্থক ভাগাভাগি প্রকট হয়।

২০১৯ সালে 'নাগরিকত্ব সংশোধনী আইন' পাস হওয়ার পরে মতুয়াদের মধ্যে বিজেপির জনপ্রিয়তা বাড়তে থাকে। মতুয়া সম্প্রদায়েরই সদস্য এবং বিজেপি প্রার্থী শান্তনু ঠাকুর ২০১৯ ও ২০২৪ উভয় লোকসভা নির্বাচনেই বনগাঁ আসন থেকে জয়লাভ করেন। তিনি এখন কেন্দ্রীয় মন্ত্রী। দীর্ঘকাল ধরে বিজেপি মতুয়াদের নাগরিকত্ব দেওয়ার বিষয়টি উত্থাপন করে আসছে। অন্যদিকে সাবেক শাসকদল তৃণমূল কংগ্রেসের বক্তব্য ছিল, সিএএ ছাড়াও তাদের নাগরিকত্ব দিতে অসুবিধা নেই, কারণ অধিকাংশ মানুষই ভোট দেন। 'বিশেষ নিবিড় সংশোধন' বা এসআইআর প্রক্রিয়া চলার সময়ে, বিজেপি মতুয়া এবং অন্যান্য বাংলাদেশি হিন্দু শরণার্থীদের সিএএ আইনের আওতায় নাগরিকত্বের জন্য আবেদন করতে বলে, যাতে পরবর্তীতে পশ্চিমবঙ্গের ভোটার তালিকায় তাদের নাম অন্তর্ভুক্ত করা সম্ভব হয়। তবে, মতুয়া মহাসংঘের তৃণমূলপন্থি অংশটির নেত্রী মমতাবালা ঠাকুরের নেতৃত্বে মতুয়া সম্প্রদায়ের একটি অংশ অনশন ধর্মঘটে বসে। তাদের অভিযোগ ছিল যে, এই এসআইআর প্রক্রিয়ার ফলে মতুয়ারা তাদের ভোটাধিকার থেকে বঞ্চিত হবেন এবং তাদের ভোটাধিকার কেড়ে নেওয়া হবে। পরে দেখা যায়, এসআইআর তালিকা থেকে নাম বাদ যাওয়া মানুষদের বড়ো অংশ এই মতুয়া সম্প্রদায়ের হিন্দু। নাগরিকত্ব হারানোর ভয় জাঁকিয়ে বসেছিল মতুয়া সম্প্রদায়ের বহু মানুষকেই। যদিও বর্তমান রাজ্য সরকারের মন্ত্রী অশোক কীর্তনিয়ার বক্তব্য, মতুয়ারা সিএএ-এর মাধ্যমে নাগরিকত্ব পেয়ে সসম্মানে ভোটার তালিকায় ফিরবেন। (বিবিসি ওয়েব পেজ : ২৬.০৫.২০২৬ আলী আহমেদ)

## একই পশু দিয়ে আকিকা ও কোরবানি দেওয়া যাবে?

প্রতি বছর ঈদুল আযহায় বিভিন্ন ধরনের পশু কোরবানি করে থাকেন মুসলমান ধর্মের অনুসারীরা। বাংলাদেশের অনেকেই কোরবানির সঙ্গে সন্তানের আকিকাও দিয়ে থাকেন। বিশেষ করে যারা বিভিন্ন কারণে নির্ধারিত সময়ে সন্তানের আকিকা করতে পারেননি, তাদের অনেককে কোরবানির সময় কোরবানির পশু দিয়েই আকিকা দিতে দেখা যায়। আকিকা হলো সন্তানের নাম রাখার পরে তার নামে কোনো পশু উৎসর্গ করা। ইসলামের বিধান অনুযায়ী, সন্তান জন্মের পর সপ্তম দিনে আকিকা করা উত্তম। তবে সেদিন সম্ভব না হলেও, পরবর্তী সময়েও আকিকা করা যায়। এ নিয়ে

কঠোর কোনো বিধান নেই ইসলামে। যারা বিভিন্ন কারণে নির্ধারিত সময়ে আকিকা দিতে পারেননি, তারা কোরবানির ঈদের সময় একই পশু দিয়ে আকিকা করতে পারবেন কি-না, সেই প্রশ্নও করেন অনেকে। যদিও এ নিয়ে আলাদা আলাদা ব্যাখ্যা রয়েছে ইসলামে। ইসলামের ভিন্ন ভিন্ন মাহজাবে রয়েছে আলাদা ব্যাখ্যা। যেমন কোনো মাজহাব বা মতবাদ অনুসারে কোরবানির সঙ্গে আকিকা করা জায়েজ নেই, আবার কোনো কোনো মাজহাব অনুযায়ী কোরবানির সঙ্গে আকিকা করা বৈধ। ইসলামি লেখক ও গবেষকরা বলছেন, ভিন্ন মাহজাবের অনুসারীরা এ নিয়ে আলাদা ব্যাখ্যা দিলেও ধর্মগ্রন্থ কোরআন কিংবা হাদিসের আলোকেই এ নিয়ে সিদ্ধান্তের সুযোগ আছে। ইসলাম বিষয়ক লেখক ও বিশ্লেষক শরীফ মুহাম্মদ বলছেন, "ইসলাম ধর্ম অনুযায়ী আকিকা একটি সুন্নত আর কোরবানি ওয়াজিব। সচ্ছলতার অভাবে কেউ যদি নির্দিষ্ট সময়ে তার সন্তানের আকিকা করতে না পারে, তাহলে কিছু নির্দিষ্ট নিয়ম মেনে কোরবানির সময়ও আকিকা করতে পারেন।" ইসলামের পরিভাষায়, মাজহাব বলতে বোঝায় ইসলামের শরীয়তের বিধানগুলো কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা ও প্রয়োগ করার নির্দিষ্ট পদ্ধতি বা চিন্তাধারা।

**আকিকা করার নিয়ম নিয়ম কী?**

ইসলামের একটি গুরুত্বপূর্ণ সুন্নত অনুষ্ঠান হচ্ছে সন্তানের আকিকা দেওয়া। নবজাতকের জন্য পশু কোরবানি করে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ এবং সন্তানের কল্যাণ কামনা। ইসলামের নবী মুহাম্মদ নিজের নাতি হাসান ও হুসাইনের জন্মের পরও আকিকা দিয়েছিলেন। যে কারণে ইসলামের বিধান অনুযায়ী আকিকা সুন্নত। ইসলামি গবেষক মওলানা শরীফ মুহাম্মদ বিবিসি বাংলাকে বলছিলেন, "ইসলামের বিধান অনুযায়ী আকিকা নামের সাথে যুক্ত একটা আমল। এটি সুন্নত। আর্থিকভাবে সচ্ছল ব্যক্তিদের আকিকা দেওয়া উচিত।" ইসলামের বিধান অনুযায়ী, সাধারণত সন্তান জন্মের সপ্তম দিনে আকিকা করা উত্তম। কিন্তু নবজাতক জন্মের সপ্তম দিনে আকিকা করা সম্ভব না হলেও চৌদ্দতম দিন বা একুশতম দিনেও করা যায়। তবে যদি কোনো কারণে সাত থেকে ২১ দিনের মধ্যে আকিকা করা সম্ভব না হয়, তাহলে পরবর্তীতেও আকিকা করা যায়। মওলানা শরীফ মুহাম্মদ বলছিলেন, "জন্মের সপ্তম দিনে আকিকা করা, নামকরণ করা, মাথা মুণ্ডন করা গুরুত্বপূর্ণ আমল। এ কারণে নামকরণের সাথে আকিকা জড়িত। অনেকে বলে থাকেন, বেশি বয়সে নাম পরিবর্তন করলেও আকিকা করতে হয়, তবে এই ধারণা সঠিক নয়।" "অনেক সময় বাচ্চা জন্মের পর নানা ধরনের জটিলতা বা মা চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি থাকে কিংবা তখন আর্থিক সচ্ছলতা নিয়েও সংকট থাকতে পারে। কিন্তু পরে যখন তার সচ্ছলতা তৈরি হয়, তখনও আকিকা আদায় করা যায়," যোগ করেন তিনি। সন্তান জন্মের পর তাদের নামে আকিকার ক্ষেত্রে, ছেলে ও মেয়ে সন্তানের ক্ষেত্রে আলাদা দুটি বিধানের কথা বলা আছে ইসলামে।

ইসলামের বিধান অনুযায়ী, ছেলে শিশুর জন্য দুইটি এবং মেয়ে শিশুর জন্য একটি ছাগল বা ভেড়া বা দুম্বা জবাই করা হয়। পশু কোরবানির মতো সুস্থ, প্রাপ্তবয়স্ক ও নির্দোষ হতে হবে। যদিও আকিকার পশু নির্বাচনের ক্ষেত্রে কিছু নমনীয়তা রয়েছে, তবে ছাগল দিয়ে আকিকা করা উত্তম। ইসলামি লেখক শরীফ মুহাম্মদ বিবিসি বাংলাকে বলেন, উট, মহিষ বা অন্য প্রাণীও ছিল। কিন্তু সেগুলোর কথা না বলে ইসলামে আকিকার ক্ষেত্রে যেতে ইসলামের নবী ছাগলের কথাই বলেছে, সে কারণে সেটিই উত্তম। হাদিস অনুযায়ী, সন্তান জন্মের সপ্তম দিনে শিশুর নাম রাখা এবং মাথা মুণ্ডন করে চুলের ওজনের সমপরিমাণ সোনা বা রুপা দান করা সুন্নাহ। যে পশু দিয়ে আকিকা করা হয়, সেই পশুর মাংস যিনি আকিকা দেবেন তিনি ও তার পরিবারের সদস্যরা খেতে পারবেন। এমনকি আত্মীয় স্বজনকেও দেওয়া যাবে। অর্থাৎ এই মাংস নিজেদের খাওয়ার ব্যাপারে কোনো ধর্মীয় বিধি নিষেধ নেই।

**কোরবানির পশু দিয়ে আকিকা করা যায়?**

ইসলাম ধর্ম অনুযায়ী কোরবানি পালিত হয় বছরের একটি নির্দিষ্ট মাসে। আরবি পঞ্জিকা অনুযায়ী জিলহজ মাসের ১০ তারিখ অনুষ্ঠিত হয় ঈদুল আযহা। ওইদিন এবং এর পরের দুই দিন অর্থাৎ ১২ জিলহজ সূর্যাস্ত পর্যন্ত পশু কোরবানি করেন মুসলিম ধর্মের অনুসারীরা। বিধান অনুযায়ী, স্বাভাবিক জ্ঞানসম্পন্ন ও প্রাপ্তবয়স্ক মুসলিম যদি কোরবানি ঈদের তিনদিন পর্যন্ত অর্থাৎ ১০ জিলহজ সকাল থেকে ১২ জিলহজ সূর্যাস্তের আগে পর্যন্ত) সময়ের মধ্যে নিসাব (সাড়ে সাত ভরি স্বর্ণ বা সাড়ে ৫২ ভরি রুপা অথবা এর যে-কোনো একটির মূল্যের সমপরিমাণ নগদ অর্থ বা ব্যবসার পণ্যের মালিক) থাকেন বা হন, তার জন্য কোরবানি করা ওয়াজিব। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক মুহা. আব্দুর রশীদ বিবিসি বাংলাকে বলেন, যে সম্পদ থাকলে জাকাত ওয়াজিব হয়, সেই ধরনের সম্পদ যদি তার থাকে, তাহলে তো তার ওপর কোরবানি ওয়াজিব হবে। আর যার নেসাব পরিমাণ সম্পদ থাকলো, তিনি অবশ্যই কোরবানি দেবেন।" অনেকেই নির্ধারিত সময় নানা কারণে আকিকা দিতে পারেন না। তাদের অনেকে কোরবানির ঈদের সময় একই পশু দিয়ে আকিকা দিতেও দেখা যায়। এটি নিয়ে দুই ধরনের বর্ণনাও রয়েছে। ইসলামি বিধান অনুযায়ী, কোরবানি ও আকিকা আলাদা ও ভিন্ন দুইটি ইবাদত। কিন্তু সন্তান জন্মের পর শুকরিয়া স্বরূপ যে পশু জবাই করা হয়। আর অন্যদিকে, কোনো ব্যক্তির নিসাব বা নির্দিষ্ট পরিমাণ সম্পদ থাকলে তার ওপর কোরবানি ওয়াজিব। অর্থাৎ আকিকা যেখানে সুন্নত বা বাধ্যতামূলক নয়, সেখানে কোরবানিকে ওয়াজিব বা বাধ্যতামূলক করা হয়েছে সামর্থ্যবানদের জন্য। ইসলামি লেখক মওলানা শরীফ মুহাম্মদ বলছিলেন, ওয়াজিব হলো সেই ইবাদত যেটি পালন করা বাধ্যতামূলক। কোনো ব্যক্তি যদি নির্দিষ্ট সময় পর্যন্ত নির্দিষ্ট সম্পদের মালিক হন তাকে কোরবানি দিতে হবে।

অন্যদিকে, সন্তান জন্মের পর শুকরিয়া স্বরূপ যে পশু জবাইকে বলা হয়, সেটি আকিকা। আকিকা করা বাধ্যতামূলক নয়।"

ধর্মীয় বিধান অনুযায়ী, গৃহপালিত পশু দ্বারা কোরবানি করতে হয়। যেমন ভেড়া, ছাগল, দুম্বা, গরু, মহিষ ও উট। এই ছয় প্রকার পশু দ্বারা কোরবানি করা যায়, এ ছাড়া অন্য কোনো পশু দ্বারা কোরবানি করা যায় না। এ ধরনের পশুকে কোরআনের ভাষায় বলা হয় 'বাহিমাতুল আনআম অর্থাৎ অহিংস্র গৃহপালিত চতুষ্পদ জন্তু।' আবার, অন্যদিকে আকিকার ক্ষেত্রে পশু হিসেবে ছাগল বা খাসিকে নির্ধারিত করা হয়েছে ইসলামে। মওলানা শরীফ মুহাম্মদ বলছিলেন, "হাদিস অনুসারে ছাগল বা খাসি দিয়েই আকিকা করতে হবে বা উত্তম। কিন্তু কোরবানিতে উট, গরু, দুম্বা মহিষ সব কিছুই কোরবানি দেওয়া যাবে।" ইসলামি গবেষকদের মতে, আকিকা ও কোরবানি একই ধরনের ইবাদত বা আমল। কোরবানির ক্ষেত্রে যে বিধান, সেটি হবে আকিকার ক্ষেত্রেও একই নিময়। একইভাবে জবাই করতে হবে। যারা নির্ধারিত সময়ে সন্তানের আকিকা করতে পারেননি বা সামর্থ্য না থাকার কারণে আকিকা করতে পারেননি, তাদের ক্ষেত্রে একই পশু দিয়ে কোরবানি ও আকিকা সম্ভব কি-না এই প্রশ্নগুলোও সামনে আসছে। জবাবে ইসলামি গবেষকরা বলছেন, বিভিন্ন মাজহাব অনুযায়ী আলাদা আলাদা নিয়ম আছে। তবে কোরবানির পশুতে ভাগ হিসেবে আকিকাও দেওয়া যায়। শরীফ মুহাম্মদ বলছিলেন, "হানাফি মাজহাব অনুযায়ী কোরবানির পশু দিয়ে আকিকা করা যায়। কিন্তু আহলে হাদিসের অনুসারীরা এটার বিরোধিতা করেন।" তার মতে, কোরবানির পশুতে যেটাতে ভাগ দেওয়ার সুযোগ আছে, সেখানে একটা ভাগ বা দুইটা ভাগ আকিকার জন্য দিতে পারে। এটা অনুমোদিত। "কোরবানির দিন পশু জবাই করলে অন্তত প্রথম পশুটা কোরবানির হওয়া উত্তম। ধরেন, একজন মানুষ কোরবানি করছেন না বা পারছেন না, কিন্তু তার সন্তানের আকিকাটা রয়ে গেছে। কিন্তু আপনি আকিকার পশুটা জবাই করলেন, কিন্তু কোরবানির কোনো পশু জবাই করলেন না। এটা তার জন্য উত্তম সিদ্ধান্ত না।" এর ব্যাখ্যায় এই গবেষক বলছিলেন, যদি কেউ গরুতে এক ভাগ কোরবানির জন্য দিলেন, আরেকটা ছাগল আলাদাভাবে আকিকা করলেন এটা উত্তম। আবার গরুর একভাগ আকিকা, আরেক একভাগ কোরবানিও দিতে পারেন তার সামর্থ্য অনুযায়ী।(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৫.২০২৬ আলী আহমেদ)

## এআই ক্যামেরায় মামলার কথা জানিয়ে ফোনে বার্তা, কী করবেন?

বেসরকারি চাকরিজীবী মাহফুজ পলাশ থাকেন ঢাকার মিরপুরে। গত দুইদিন আগে তার ফোনে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ'র নামে একটি বার্তা আসে। সেখানে বলা হয়, তার গাড়িটি নির্ধারিত গতিসীমা লঙ্ঘন করায় তাকে বিআরটিএ'র পক্ষ থেকে জরিমানা করা হয়েছে। এই জরিমানার অর্থ পরিশোধ না করা হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলেও সেই ম্যাসেজটিতে জানানো হয়। মি. পলাশ বিবিসি বাংলাকে বলেন, "আমি দীর্ঘদিন ঢাকা শহরে নিজেই গাড়ি চালাই। ট্রাফিক আইন সম্পর্কে আমার যথেষ্ট ধারণা রয়েছে। আমার কাছে এরকম ম্যাসেজ আসার কোনো কারণ নাই, সেটি আমি নিশ্চিত।" সম্প্রতি বাংলাদেশের রাজধানী ঢাকার রাস্তায় ট্রাফিক ব্যবস্থায় শৃঙ্খলা ফেরাতে বিভিন্ন স্থানে আর্টিফিশিয়াল ইনটেলিজেন্স বা এআই এআই-ভিত্তিক ট্রাফিক নজরদারি ও স্বয়ংক্রিয় মামলা ব্যবস্থা চালু হয়েছে। গাড়ি বা কোনো যানবাহন ট্রাফিক আইন লঙ্ঘন করলে তাদের বিরুদ্ধে মামলাও হয়ে যাচ্ছে স্বয়ংক্রিয়ভাবে। মি. পলাশ বলছিলেন, তার কাছে যেই ম্যাসেজটি এসেছে সোমবার রাতে, সেটি তার পরিচিত আরো কয়েকজনের কাছে দুয়েকদিন আগেই ঠিক একই ধরনের ম্যাসেজ এসেছে। তাদের কেউ কেউ বিষয়টিকে সত্যি ভেবে প্রতারিতও হয়েছেন। বেশিরভাগ ক্ষেত্রে যাদের গাড়ি বা যানবাহন রয়েছে, তাদের কাছেই এই ধরনের ম্যাসেজ আসছে। তবে, বিবিসি বাংলার কাছে এমনও কেউ কেউ জানিয়েছেন যে, তাদের কোনো গাড়ি, মটরসাইকেল বা কোনো ধরনের যানবাহন না থাকার পরও এই ধরনের ম্যাসেজ আসছে। গত কয়েকদিনে অনেকের কাছেই এই ধরনের ম্যাসেজ আসার পর, এ নিয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) এবং বিআরটিএ'র পক্ষ থেকে আলাদা বিবৃতি দিয়ে সতর্ক বার্তাও পাঠানো হয়েছে।

ডিএমপির ট্রাফিক বিভাগের প্রধান অতিরিক্ত কমিশনার আনিসুর রহমান বিবিসি বাংলাকে বলেছেন, এই ধরনের ম্যাসেজ পাওয়ার বিষয়টি নিয়ে তাদের কাছে গত কয়েকদিনে বেশ কিছু অভিযোগ এসেছে। সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞরা বলছেন, ট্রাফিক ম্যানেজমেন্টে এআই প্রযুক্তি নতুন চালু হওয়ার কারণে এই বিষয়টিকে প্রতারণার ঢাল হিসেবে ব্যবহার করা হচ্ছে। মূলত ক্রেডিট ও ডেভিড কার্ডের তথ্য সংগ্রহ করতেই এই ধরনের কৌশল ব্যবহার করা হচ্ছে। যে কারণে, এই ধরনের ম্যাসেজগুলো আসলে বিশেষভাবে সতর্ক থাকার পরামর্শ দিচ্ছেন প্রযুক্তি বিশেষজ্ঞ ও পুলিশ।

### বিআরটিএ'র নামে ভুয়া ম্যাসেজ

মাহফুজ পলাশের মতো গণমাধ্যমকর্মী ফৌজিয়া সুলতানার কাছেও এমন একটি ম্যাসেজ এসেছে। যদিও মিজ সুলতানার নিজের কোনো গাড়ি নেই। কিন্তু তারপরও তার কাছে মামলার তথ্য জানিয়ে একটি এসএমএস পাঠানো হয়েছে। যে ম্যাসেজের শুরুতেই লেখা হয়েছে 'বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ ট্রাফিক জরিমানার চূড়ান্ত নিষ্পত্তি বিজ্ঞপ্তি'। এরপরই এতে লেখা ট্রাফিক আইন লঙ্ঘনের একটি নম্বর ও তারিখ উল্লেখ করা হয়েছে। পরে বিস্তারিত লেখায় বলা হয়েছে, 'আপনার ট্রাফিক আইন লঙ্ঘনের রেকর্ডটি জাতীয় ড্রাইভিং লাইসেন্স ও যানবাহন নিবন্ধন পরিসেবাতেও জমা দেওয়া হয়েছে। স্বয়ংক্রিয় অনুস্মারক পাঠানোর পরেও আমরা আপনার অর্থ পরিশোধ বা আপিল না

পাওয়ায়, আপনাকে এতদ্দ্বারা জানানো হচ্ছে যে, সড়ক ট্রাফিক আইনের সর্বশেষ সংস্করণ অনুযায়ী, বকেয়া পরিশোধের ফলে নিম্নলিখিত পরিণতি হতে পারে : 'জরিমানা বৃদ্ধি : সড়ক ট্রাফিক আইনের ৫২ নং ধারার ৩ নং উপধারা অনুযায়ী, বকেয়া পরিশোধের ফলে জরিমানা ২০০% পর্যন্ত বৃদ্ধি পেতে পারে'। এরপরেই বলা হয়েছে, তারা বকেয়া পরিশোধে সময়কাল ৩০ দিনের বেশি হলে মামলাটি নিম্ন আদালতে স্থানান্তর করবে। তখন আদালত আইন অনুযায়ী আইন প্রয়োগমূলক ব্যবস্থা (জরিমানা বা যানবাহন বাজেয়াপ্তকরণ) গ্রহণ করবে। এই ম্যাসেজটিকে বিশ্বাসযোগ্য করে তুলতে ভিডিও সার্ভিলেন্স ক্যামেরার নম্বরও ব্যবহার করা হচ্ছে। সেই সাথে ওয়েবসাইটের একটি অ্যাড্রেসও দেওয়া হচ্ছে, যেটি দেখতে অনেকটা সরকারি ওয়েবসাইটের মতোই। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য ও প্রযুক্তি বিভাগের অধ্যাপক বি এম মঈনুল হোসেন বিবিসি বাংলাকে বলেন, এই তথ্যগুলো এমনভাবে আপনাকে সরবরাহ করা হয়, তাতে যে কারো কাছে গেলে শুরুতেই তার কাছে বিষয়টি বিশ্বাসযোগ্য মনে হয়। ওই ম্যাসেজের শেষ অংশে জরিমানা দেওয়ার জন্য একটি লিংকও পাঠানো হচ্ছে। মিজ সুলতানার কাছে যে ম্যাসেজটি পাঠানো হয়েছে, সেখানেও অর্থ পরিশোধের জন্য একটি অ্যাড্রেসও পাঠানো হয়েছে। রাসেল আহমেদ নামে একজন ব্যাংকে চাকরিজীবী জানাচ্ছিলেন, এমন একটি ম্যাসেজ পেয়ে তিনি সেটিকে সত্যি মনে করে ম্যাসেজে দেওয়া লিংকে প্রবেশ করেছিলেন। পরে সেখানে গাড়ির নম্বর দেওয়ার পর তাকে বলা হয়, তার জরিমানার পরিমাণ হয়েছে তিন হাজার টাকা। আইন অনুযায়ী, নির্দিষ্ট তারিখের মধ্যে জরিমানার অর্থ পরিশোধ করলে দেওয়া হবে ৫০ শতাংশ ডিসকাউন্ট। অর্থাৎ সেক্ষেত্রে দিতে হবে ১৫০০ টাকা। ডেবিট বা ক্রেডিট কার্ড দিয়ে অর্থ পরিশোধ করার কথা জানানো হয়।

**এ ধরনের ম্যাসেজ আসলে কী করবেন?**

বিআরটিএ'র নাম ব্যবহার করে যেই ম্যাসেজগুলোতে বিভিন্ন ব্যক্তির নামে পাঠানো হচ্ছে, সেখানে কোনো নাম ব্যবহার করা হচ্ছে না। ম্যাসেজগুলো পাঠানো হচ্ছে +৬৩ কোডযুক্ত বিভিন্ন নম্বর থেকে। তথ্য বলছে, +৬৩ একটি আন্তর্জাতিক কোড, যা ফিলিপাইনের কান্ট্রিকোড। প্রযুক্তি বিশেষজ্ঞরা বলছেন, ভুয়া মামলা ও জরিমানার তথ্য পাঠানোর ম্যাসেজের সঙ্গে যে ওয়েবসাইটের লিংক দেওয়া হয়েছে, তার সাথে বিআরটিএ-এর মিল পাওয়া যায়নি। কারণ, বিআরটিএ বা সরকারি যে-কোনো ওয়েবসাইটের শেষে .gov.bd এমন লেখা থাকে। কিন্তু এসব ম্যাসেজে তা ছিল না। সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ আরিফ মঈনুদ্দীন বিবিসি বাংলাকে বলেন, "এসএমএস-এর মতো ওই ম্যাসেজেই আরেকটি ভুয়া লিংক দেওয়া থাকছে। এটাকে বলা হয় 'ফিশিং সাইট'। বিশেষজ্ঞরা বলছিলেন, সাধারণত সরকারি যে ওয়েবসাইটগুলো সেগুলোতে ওয়েবসাইট অ্যাড্রেসের সাথে .gov.bd লেখা থাকে। কিন্তু বর্তমানে যে ম্যাসেজগুলো পাঠানো হচ্ছে, সেখানে সেটি নেই। প্রযুক্তি বিশেষজ্ঞ মি. মঈনুদ্দীন বলছিলেন, এসএমএস-এ দেওয়া লিংকে ক্লিক করলে সেখানে ওই ব্যক্তির নাম, তথ্য ও ডেবিট/ক্রেডিট কার্ডের তথ্য দিতে হচ্ছে। "এই চক্রটি কার্ডের নম্বরের পাশাপাশি কার্ডের পেছনে থাকা সিভিভি নম্বরও নিয়ে নেয়। কোনো গ্রাহক যদি কার্ডের সিভিভি নম্বর তাদেরকে সরবরাহ করে থাকে, তখন কোনো ধরনের পণ্য কেনাকাটায় পাসওয়ার্ড প্রয়োজন হয় না," যোগ করেন তিনি।

প্রযুক্তি বিশেষজ্ঞরা বলছেন, এই প্রক্রিয়ায় ম্যাসেজে দেওয়া ফিশিং লিংক যুক্ত করে গ্রাহকের ব্যাংক কার্ডের তথ্য হাতিয়ে নিচ্ছে সাইবার প্রতারকচক্র। অধ্যাপক বিএম মঈনুল হোসেন বিবিসি বাংলাকে বলছিলেন, "এই চক্র প্রথমে ম্যাসেজ দিয়ে যে কারো মধ্যে অস্থিরতা তৈরি করবে। এ ধরনের ম্যাসেজ পেয়ে অনেকে উদ্‌গ্রীব হয়ে লিংকে ঢুকে পড়েন। পরবর্তীতে অনেকেই ক্লিক করে প্রতারণার শিকার হয়ে থাকেন।" উদাহরণ দিয়ে তিনি বলছিলেন, প্রতারক চক্র ধরুন এক হাজার মানুষের কাছে এমন লিংক পাঠালো, সেখান থেকে ১০ জনও যদি লিংকে ক্লিক করে তথ্য দেয়, তাহলেও প্রতারক চক্র সফল। এই দুই প্রযুক্তিবিদই বলছিলেন, কোনো অপরিচিত নম্বর থেকে যদি এই ধরনের কোনো ম্যাসেজ আসে, তাহলে সেগুলোতে কোনোভাবেই ক্লিক করা যাবে না। ক্লিক করলে ফিশিং অ্যাটাকের শিকার হতে হবে।

**বিআরটিএ ও পুলিশের সতর্ক বার্তা**

গত তিন চারদিনে অনেকের কাছে এই ধরনের এসএমএস আসতে শুরু করে এবং যাদের গাড়িই নেই, এমন ব্যক্তিদের কাছেও এই ম্যাসেজ আসছিল। এমন পরিস্থিতিতে সোমবার বিআরটিএ এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে জনসাধারণকে সতর্ক করে একটি বার্তা দেওয়া হয়েছে। বিআরটিএ জানিয়েছে, "একটি অসাধু চক্র বিভিন্ন মোবাইল নম্বর থেকে স্পিডিং ফাইন বকেয়া রয়েছে, দ্রুত পরিশোধ করুন বা আপনার বকেয়া জরিমানা আছে, এ ধরনের বার্তা পাঠাচ্ছে। এসব বার্তার সঙ্গে বিভিন্ন ভুয়া ওয়েবসাইটের লিংকও দেওয়া হচ্ছে, যা বিআরটিএ সার্ভিস পোর্টাল (বিএসপি)-এর আদলে তৈরি করা হয়েছে। এসব ভুয়া ওয়েবসাইট বা পোর্টালের সঙ্গে অফিসিয়াল বিএসপি ওয়েবসাইটের কোনো সম্পর্ক নেই। এগুলো সম্পূর্ণ প্রতারণামূলক কার্যক্রম। এই বার্তায় সাধারণ মানুষকে এ ধরনের বার্তার লিংকে ক্লিক না করা, ব্যক্তিগত তথ্য বা আর্থিক লেনদেন থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়েছে। অন্যদিকে, ডিএমপির পক্ষ থেকে এই ধরনের ম্যাসেজকে ভুয়া আখ্যা দিয়ে এই ধরনের কোনো এসএমএসের সঙ্গে তাদের কোনো সংশ্লিষ্টতা নেই। এতে ডিএমপি জানায়, সড়ক পরিবহণ আইন-২০১৮ অনুযায়ী কোনো যানবাহনের বিরুদ্ধে মামলা দেওয়া হলে, সংশ্লিষ্ট বিভাগ বা ট্রাফিক টেকনিক্যাল ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরযুক্ত একটি চিঠি চালক বা মালিকের নির্দিষ্ট ঠিকানায় পাঠানো হচ্ছে। এছাড়া, বিশেষ প্রয়োজনে ট্রাফিক বিভাগের পক্ষ থেকে শুধুমাত্র

০১৩২০-০৪২২০৭ এবং ০১৩২০-০৪২২২৭ নম্বর থেকে এসএমএস পাঠানো হতে পারে। ডিএমপির মিডিয়া বিভাগের ডিসি এনএম নাসিরুদ্দিন বিবিসি বাংলাকে বলেন, "গত কয়েকদিনে আমরা এমন অভিযোগের কথা শুনে আসছি। যদি কেউ এ ধরনের ম্যাসেজে প্রতারিত হয়ে থাকেন, তাদের উচিত পুলিশের কাছে সহযোগিতা চাওয়া।" পুলিশ বলছে, ম্যাসেজটি বিআরটিএ'র নাম ব্যবহার করেছে। তবে বিআরটিএ আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি পুলিশকে। যে কারণে পুলিশও উদ্যোগী হয়ে কোনো আইনি পদক্ষেপ নিতে পারছে না।(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৫.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### বাংলাদেশের আলোচিত জঙ্গল সলিমপুরের র‍্যাবের ক্যাম্পে হামলা সশস্ত্র সন্ত্রাসীদের

বাংলাদেশের চট্টগ্রামের সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরে র‍্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়ান বা র‍্যাব ক্যাম্পে হামলা চালিয়েছে সঙ্ঘবদ্ধ অস্ত্রধারী সন্ত্রাসীরা। রোববার রাত দুইটায় এই হামলার ঘটনা ঘটে। প্রকাশিত খবরে বলা হয়েছে, র‍্যাব সদস্যরা তাৎক্ষণিকভাবে পাল্টা গুলি চালায়। রাত তিনটা পর্যন্ত উভয় পক্ষের মধ্যে গুলি বিনিময় অব্যাহত থাকে। হামলার খবর নিশ্চিত করে র‍্যাব-৬০ এর পক্ষে বলা হয়েছে, সন্ত্রাসী ইয়াসিন গ্রুপ রাতের অন্ধকারে ক্যাম্পে হামলা চালায়। অভিযান শেষে এলাকা ঘিরে রেখে তল্লাশি চালাচ্ছে যৌথ বাহিনী। কর্তৃপক্ষ বলছে, এলাকায় সন্ত্রাসী গোষ্ঠীর অস্তিত্ব নির্মূলে অভিযান অব্যাহত থাকবে। চট্টগ্রামের সীতাকুণ্ড সলিমপুর ইউনিয়নে অবস্থিত জঙ্গল সলিমপুর। দুর্গম পাহাড়ি এলাকা হাওয়ায় দীর্ঘদিন ধরে এটি সন্ত্রাসীদের নিরাপদ আস্তানায় পরিণত হয়েছে। এটিকে বলা হত রাষ্ট্রের মধ্যে আরেক রাষ্ট্র। সেখানে ছিল না প্রশাসনের কোন কর্তৃত্ব। সন্ত্রাসীরা সেখানে একটি নিজস্ব প্রশাসন চালু করেছিল এবং সরকারি জমি ও পাহাড় বিক্রি করতো। পাহাড় কেটে অবৈধভাবে গড়ে উঠেছে অসংখ্য ঘরবাড়ি, দোকানপাট ও মার্কেট। সীতাকুণ্ড ভূমি অফিসের তথ্য মতে, জঙ্গল সলিমপুরের মোট আয়তন প্রায় তিন হাজার একশো (৩,১০০) একর। প্রায় চার দশক ধরে এই এলাকার সন্ত্রাসীদের অভয়ারণ্যে পরিণত হয়েছে। সন্ত্রাসীরা অস্ত্র বেচাকেনার সঙ্গে যুক্ত। জঙ্গল সলিমপুরের বাসিন্দারা ছিল সন্ত্রাসীদের কাছে জিম্মি। সরকার সেখানে অনেকবার অনেক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নিলেও সন্ত্রাসীদের প্রতিরোধের কারণে প্রশাসন ব্যর্থ হয়ে ফিরে আসে। চব্বিশের জুলাই বিপ্লবের পর অন্তর্বর্তী সরকারের সময় এলাকাটিতে যৌথ অভিযান চালিয়ে উদ্ধার করা হয়। এরপর সেখানে র‍্যাব ক্যাম্প স্থাপন করে। গত ১৯ জানুয়ারি জঙ্গল সলিমপুরে সন্ত্রাসীদের হামলায় র‍্যাবের উপ-সহকারী পরিচালক মোতালেব হোসেন নিহত হন। (রেডিও তেহরান: ২৬.০৫.২০২৬ এলিনা)

## এনএইচকে

### ট্রাম্প ইঙ্গিত দিয়েছেন ইরানের সমৃদ্ধ ইউরেনিয়াম যুক্তরাষ্ট্রের বাইরে ধ্বংস করা হতে পারে

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত ধ্বংস করার জন্য বিভিন্ন বিকল্প নিয়ে আলোচনা করেছেন। উল্লেখ্য, এই বিষয়টি ওয়াশিংটন এবং তেহরানের মধ্যকার আলোচনায় একটি জটিল বাধা হয়ে দাঁড়িয়েছে। ট্রাম্প সোমবার সামাজিক যোগাযোগ মাধ্যমে বলেছেন, "এই সমৃদ্ধ ইউরেনিয়াম 'পারমাণবিক ধূলিকণা!' হয় এগুলো অবিলম্বে যুক্তরাষ্ট্রের কাছে হস্তান্তর করতে হবে, যাতে করে দেশে ফিরিয়ে এনে এগুলো ধ্বংস করে দেয়া যায়, অথবা ইসলামিক রিপাবলিক ইরানের সাথে যৌথভাবে ও সমন্বয়ের মাধ্যমে, ঘটনাস্থলেই বা অন্য কোনো গ্রহণযোগ্য স্থানে ধ্বংস করে দেওয়া হবে। এই প্রক্রিয়া ও ঘটনার সাক্ষী থাকবে পারমাণবিক শক্তি কমিশন বা এর সমতুল্য কোনো সংস্থা।" ট্রাম্প এর আগে দাবি করেছিলেন, ইরান যেন তাদের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত যুক্তরাষ্ট্রের কাছে হস্তান্তর করে। সামাজিক মাধ্যমের এই পোস্ট থেকে বোঝা যায় যে, ট্রাম্প এখন এই সম্ভাবনার বিষয়ে আগ্রহী যে, নির্দিষ্ট কিছু শর্তের বিনিময়ে এই ইউরেনিয়াম যুক্তরাষ্ট্রের বাইরে ধ্বংস করা যেতে পারে। একটি মার্কিন সংবাদমাধ্যম জানাচ্ছে যে, এই বিবৃতি শান্তি প্রক্রিয়ায় তেহরানের অংশগ্রহণের প্রতি ট্রাম্পের উন্মুক্ত মনোভাব হিসেবে বিবেচনা করা যেতে পারে। উল্লেখ্য, অন্য এক প্রতিবেদনে বলা হয়েছে যে, ইরানের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুতের বিষয়ে মার্কিন অবস্থানে নমনীয়তা আনার ইঙ্গিত দিয়েছেন ট্রাম্প।(এনএইচকে ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

### নিরাপত্তাজনিত কারণে পাটওয়ারীর মতিঝিলের অফিস বন্ধ ঘোষণা

বাংলাদেশের জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক নাসীরুদ্দীন পাটওয়ারী নিরাপত্তাজনিত কারণে নিজের মতিঝিলের অফিস বন্ধ ঘোষণা করেছেন। মঙ্গলবার ফেসবুক পোস্টে তিনি বলেন, নিরাপত্তাজনিত কারণে মতিঝিলের হোটেল পারাবাতের গ্যারেজের অস্থায়ী অফিস কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। সব সাংগঠনিক ও প্রশাসনিক কার্যক্রম এখন থেকে রূপায়ণ টাওয়ারের ১৫ তলায় পরিচালিত হবে। ঢাকা-০৮-এর সর্বস্তরের জনগণ এবং বাংলাদেশের সব ভালোবাসার মানুষকে নতুন অফিসে যোগাযোগ করার জন্য আন্তরিক আহ্বান জানানো যাচ্ছে। আমাদের পথচলা অব্যাহত থাকবে, জনগণের আস্থা, রাজনৈতিক শালীনতা, নিরাপত্তা ও গণমানুষের অধিকার প্রতিষ্ঠার অঙ্গীকার নিয়ে। এছাড়া তিনি বলেন, "কেউ যদি পূর্ববর্তী স্থানে গিয়ে কোনো ধরনের নিরাপত্তাজনিত ঝুঁকি, হামলা, মামলা বা ক্ষতির সম্মুখীন হন, তার জন্য ব্যক্তি নিজেই সম্পূর্ণভাবে দায়ী থাকবেন। সবাইকে অনুরোধ করা হচ্ছে, নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিন।" (রেডিও তেহরান ওয়েব পেজ : ২৬.০৫.২০২৬ নারগীস)

# ডয়চে ভেলে

## গাজায় ইসরায়েলের আক্রমণে নারী ও শিশু নিহত

দক্ষিণ গাজায় ইসরায়েলের আক্রমণে এক নারী ও শিশু নিহত হয়েছে বলে হাসপাতাল সূত্র সংবাদমাধ্যমকে জানিয়েছে। দক্ষিণ গাজার মুয়াসি অঞ্চলে একটি অস্থায়ী ত্রাণ শিবিরে ইসরায়েল আক্রমণ চালায় বলে অভিযোগ। সেখানেই পরিবার নিয়ে বসবাস করছিলেন ওই নারী ও শিশু। হাসপাতাল সূত্র জানিয়েছে, আরও একটি বাচ্চা মেয়ে আক্রান্ত হয়ে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। ইসরায়েলের সেনা জানিয়েছে, তারা একজন জঙ্গিকে লক্ষ্য করে আক্রমণ চালিয়েছিলেন। কিন্তু নারী ও শিশুর নিহত হওয়ার বিষয়ে তারা কোনো মন্তব্য করেনি। দু'বছর টানা লড়াইয়ের পর গত অক্টোবরে গাজা এবং ইসরায়েলের মধ্যে সংঘর্ষ বিরতি চুক্তি হয়েছে। কিন্তু অভিযোগ, ইসরায়েল প্রায় প্রতিদিনই চুক্তি ভেঙে গাজায় আক্রমণ জারি রেখেছে। তবে আক্রমণের পরিমাণ আগের চেয়ে কমেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রনি)

## ঈদযাত্রার জন্য পর্যাপ্ত যানবাহন নেই, বললেন মন্ত্রী

ঈদযাত্রার সময় প্রায় দেড় কোটি মানুষ পরিবহণের জন্য সরকারি ও বেসরকারি খাত মিলিয়ে পর্যাপ্ত যানবাহন নেই বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু, নৌপরিবহণ এবং রেলপথমন্ত্রী শেখ রবিউল আলম। সোমবার রাজধানীর ফার্মগেট মেট্রো স্টেশনে মেট্রোরেল ও ট্রেন সেবায় প্রবীণ এবং শারীরিকভাবে প্রতিবন্ধী যাত্রীদের জন্য ২৫ শতাংশ ভাড়া ছাড় সুবিধার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ফিটনেসবিহীন যানবাহনের বিষয়ে মন্ত্রী বলেন, 'বিআরটিএ এ ধরনের যান চলাচলের অনুমতি দেয় না। তবে ঈদযাত্রার সময় বিভিন্ন জেলায় এমন অনেক গাড়ি সড়কে নেমে পড়ে।' 'পুলিশ সেগুলো নিয়ন্ত্রণের চেষ্টা করে। কিন্তু যাত্রীর চাপ এত বেশি হয় যে সবকিছু নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়ে। আমরা ধীরে ধীরে নিশ্চিত করছি, যাতে ফিটনেসবিহীন যান চলাচল করতে না পারে,' বলেন মন্ত্রী। সম্প্রতি রডবোঝাই ট্রাক দুর্ঘটনার প্রসঙ্গে মন্ত্রী বলেন, 'প্রাথমিক তথ্যে জানা গেছে, চালক নিয়ন্ত্রণ হারানোর আগে ট্রাকটিতে ২৫-২৬ জন যাত্রী উঠেছিলেন। পরে যানটি উল্টে অনেকে মারা গেছেন। এমন অনাকাঙ্ক্ষিত ও মর্মান্তিক দুর্ঘটনা আমাদের গভীরভাবে ব্যথিত করেছে।' ঈদযাত্রা প্রসঙ্গে মন্ত্রী বলেন, 'দুই দিনের মধ্যে দেড় কোটির বেশি মানুষ ঢাকা ছাড়বেন। অনেকে ছুটি পাওয়ার পর বাস টার্মিনালে না গিয়ে সরাসরি মহাসড়কে চলে যান। অনেক যাত্রীর কাউন্টার থেকে টিকিট কেটে বাসে ওঠার ধৈর্য থাকে না। তারা চলন্ত যানবাহনে ওঠার চেষ্টা করেন।' 'সরকার এ ধরনের অনিয়ন্ত্রিত ভ্রমণ নিরুৎসাহিত করে। এছাড়া মহাসড়কে শৃঙ্খলা ও নিরাপত্তা বজায় রাখতে হাইওয়ে পুলিশ সীমিত সক্ষমতা নিয়ে কাজ করছে। অনেক স্থানে ৪৫ কিলোমিটার মহাসড়কের জন্য মাত্র তিনজন পুলিশ সদস্য দায়িত্ব পালন করছেন,' বলেন মন্ত্রী। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রনি)

## ইরানে আবার হামলা অ্যামেরিকার

যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর কেন্দ্রীয় কম্যান্ডের মুখপাত্র জানিয়েছেন, আত্মরক্ষা করতেই এই হামলা চালানো হয়েছে। দক্ষিণ ইরানে হামলা চালানো হয়েছে অ্যামেরিকার তরফে জানানো হয়েছে। এদিকে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু জানিয়েছেন, তিনি হিজবুল্লার উপর আক্রমণ বাড়ানোর নির্দেশ দিয়েছেন। অ্যামেরিকা জানিয়েছে, দক্ষিণ ইরানে ইরানের সেনাবাহিনীর মিসাইল লঞ্চার এবং যে সমস্ত নৌকো মাইন বিছানোর কাজে ব্যবহার করা হচ্ছিল, সেগুলি লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। ইরান যাতে ওই সামরিক কাঠামোগুলি ভবিষ্যতে বয়বহার করতে না পারে তা মাথায় রেখেই এই হামলা, দাবি মার্কিন সামরিকন বাহিনীর মুখপাত্রের। তবে একইসঙ্গে তিনি জানিয়েছেন, সংঘর্ষবিরতির কথা মাথায় রেখেই এই কাজ করেছে অ্যামেরিকান সেনা। নেতানিয়াহু জানিয়েছেন, হিজবুল্লার কোমর ভেঙে দেওয়ার জনয় সবরকম বয়বস্থা নেওয়া হচ্ছে। তাদের উপর হামলার পরিমাণ বহু গুণ বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। উল্লেখ্য, ইরানের মদতপুষ্ট এই সংগঠন ইসরায়েলের উপর লাগাতার ড্রোন হামলা চালাচ্ছে বলে অভিযোগ। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রনি)

## বাংলাদেশে স্বল্প মাত্রার ভূমিকম্প

আজ মঙ্গলবার রাজধানী ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন স্থানে ভূমিকম্প হয়েছে। বেলা পৌনে ১২টার দিকে এ ভূমিকম্প হয়। এর উৎপত্তিস্থল ময়মনসিংহের ভালুকা বলে আবহাওয়া অধিদপ্তর সূত্র জানিয়েছে। আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক রুবাইয়াৎ কবীর ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, আজ বেলা ১১টা ৪১ মিনিটে এ ভূমিকম্প অনুভূত হয়েছে। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৩ দশমিক ৪। এটি স্বল্পমাত্রার ভূমিকম্প। এতে উদ্বিগ্ন হওয়ার মতো কিছু নেই। বাংলাদেশ ভূমিকম্পের ঝুঁকিতে আছে বলে বিশেষজ্ঞদের অভিমত। ভূমিকম্পপ্রবণ তিনটি প্লেটের সংযোগস্থলে আছে বাংলাদেশ। তাই এ দেশে যে ভূমিকম্প মাঝেমধ্যে হবে, সেটাকে স্বাভাবিক বলেই মনে করেন বিশেষজ্ঞরা। তবে আশঙ্কার বিষয় হলো, সম্প্রতি দেশের মধ্যে ভূমিকম্পের উৎপত্তির প্রবণতা বেড়েছে। বিশেষ করে ভূমিকম্পের কম ঝুঁকির অঞ্চল হিসেবে পরিচিত দেশের দক্ষিণ–পশ্চিমাঞ্চলে ভূমিকম্প বেড়ে গেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রনি)

## জাগো নিউজ

### ‘ট্রেনে সিট তো দূরের কথা, দাঁড়ানোরও জায়গা নেই

ঈদকে সামনে রেখে ঘরমুখো মানুষের ঢলে রাজধানীর কমলাপুর রেলস্টেশনে আজ মঙ্গলবার সকালে ছিল উপচেপড়া ভিড়। সবচেয়ে বেশি চাপ দেখা গেছে লালমনিরহাটগামী ‘বুড়িমারী এক্সপ্রেস’ ট্রেনে। ট্রেনের ভেতরে আসন তো দূরের কথা, অনেক বগিতে তিল ধারণের জায়গা ছিল না। তবে এরই মধ্যে কিছু বগি তুলনামূলক ফাঁকা থাকলেও, অসংখ্য মানুষকে ট্রেনের ছাদ ও গেটে চড়ে অত্যন্ত ঝুঁকিপূর্ণভাবে যাত্রা করতে দেখা গেছে। এই পরিস্থিতির মধ্যেই নির্ধারিত সময় সকাল সাড়ে ৮টায় ট্রেনটি কমলাপুর স্টেশন ছেড়ে যায়। সরেজমিনে দেখা যায়, ট্রেন ছাড়ার অন্তত আধাঘণ্টা আগেই বুড়িমারী এক্সপ্রেসের ছাদ মানুষে ভরে যায়। কেউ ব্যাগ ধরে বসে আছেন, কেউ আবার পা ঝুলিয়ে দিয়েছেন ছাদের কিনারায়। একাধিক বগির গেটেও ঝুলে থাকতে দেখা যায় যাত্রীদের। ট্রেন ছাড়ার শেষ মুহূর্তেও অনেককে দৌড়ে এসে চলন্ত ট্রেনের গেট ধরে ওঠার চেষ্টা করতে দেখা যায়। ট্রেনের ছাদে যাত্রী ওঠা ঠেকাতে রেলওয়ে কর্তৃপক্ষ ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের তৎপরতা দেখা গেলেও শেষ পর্যন্ত পরিস্থিতি পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি। নিরাপত্তা কর্মীরা বাঁশি বাজিয়ে যাত্রীদের ছাদ থেকে নামানোর চেষ্টা করলেও বিপুল যাত্রীচাপের মুখে তারা এক প্রকার অসহায় হয়ে পড়েন।

রেলওয়ের এক কর্মকর্তা বলেন, ‘ঈদের সময় যাত্রীর চাপ কয়েকগুণ বেড়ে যায়। আমরা সবাইকে নিরাপদে ভ্রমণের অনুরোধ করছি। ছাদে বা গেটে ভ্রমণ অত্যন্ত ঝুঁকিপূর্ণ।’ যাত্রীদের বড় একটি অংশের অভিযোগ, চাহিদার তুলনায় ট্রেনের সংখ্যা ও বগি পর্যাপ্ত নয়। ফলে বাধ্য হয়েই জীবনের ঝুঁকি নিতে হচ্ছে। রংপুরগামী যাত্রী কাদের মিয়া বলেন, ‘ঈদের আগে টিকিট পাওয়াই কঠিন। এখন কোনোভাবে বাড়ি পৌঁছাতে পারলেই হলো। ঝুঁকি আছে জানি, কিন্তু উপায় নেই।’ তবে ট্রেনের ভেতরে দেখা গেছে এক ভিন্ন চিত্র। কিছু বগিতে যাত্রীরা গাদাগাদি করলেও, কয়েকটিতে দাঁড়ানোর মতো পর্যাপ্ত ফাঁকা জায়গা ছিল। তারপরও অনেক যাত্রী ভেতরে না ঢুকে ছাদ বা গেটে অবস্থান নেন। এর কারণ হিসেবে রংপুরগামী যাত্রী সেরাজুল ইসলাম বলেন, ‘ভেতরে অনেক ভিড় মনে করে আগেই ছাদে উঠে গেছি। পরে শুনলাম কয়েকটা বগিতে একটু জায়গা আছে। কিন্তু এখন আর নামার সুযোগ নেই। আবার কেউ কেউ জানান, পরিবারের সবাই একসাথে বসার জায়গা না পেয়ে তারা বাইরে অবস্থান নিচ্ছেন।’ অনলাইনে টিকিট কেটে পরিবার নিয়ে গ্রামের বাড়ি যাচ্ছেন মো. ছলিম উল্লাহ। বুড়িমারী এক্সপ্রেসের এসি বগির এই যাত্রী ভিন্ন এক অভিজ্ঞতার কথা জানান। তিনি বলেন, অনলাইনে চেষ্টা করে আমরা টিকিট পেয়েছি। যারা একটু দেরি করে অ্যাপে ঢুকেছেন তারা হয়তো পাননি। তবে যারা ছাদে যাচ্ছেন, আমার ধারণা তারা ইচ্ছা করেই যাচ্ছেন। টিকিটের জন্য হয়তো তারা চেষ্টাই করেননি (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

### লাব্বাইক ধ্বনিতে মুখর আরাফাতের ময়দান, জড়ো হয়েছেন ১৬ লাখের বেশি মুসল্লি

আজ পবিত্র হজ। সৌদি আরবের স্থানীয় সময় আজ ৯ জিলহজ মঙ্গলবার আরাফাতের ময়দানে সমবেত হয়েছেন বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আসা ১৬ লাখেরও বেশি হজযাত্রী। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আসা লাখ লাখ ধর্মপ্রাণ মুসল্লির কণ্ঠে ‘লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক’ ধ্বনিতে মুখর হয়ে উঠেছে আরাফাতের ময়দান। পবিত্র এ প্রান্তরে ভোর থেকেই ইবাদত, কোরআন তিলাওয়াত, জিকির ও দোয়ায় মগ্ন রয়েছেন লাখো মুসল্লি। সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) সূত্রে এসব তথ্য জানা গেছে। ইসলামী বিধান অনুযায়ী, আরাফাতে অবস্থান হজের অন্যতম প্রধান ফরজ। সোমবার মিনায় অবস্থানের মধ্য দিয়ে হজের আনুষ্ঠানিকতা শুরু হয়। মঙ্গলবার ফজরের নামাজের পর হাজিরা মিনার তাঁবু শহর থেকে আরাফাতের ময়দানের উদ্দেশ্যে রওনা হন। আজ মসজিদে নামিরা থেকে হজের খুতবা দেবেন মসজিদে নববির প্রবীণ ইমাম ও খতিব শায়খ আলী বিন আবদুর রহমান আল-হুজাইফি। খুতবার পর হাজিরা একসঙ্গে জোহর ও আসরের নামাজ আদায় করবেন। সূর্যাস্তের পর তারা মুজদালিফায় গিয়ে খোলা আকাশের নিচে রাত কাটাবেন। এরপর মিনায় ফিরে শয়তানকে পাথর নিক্ষেপ, পশু কোরবানি ও তাওয়াফসহ হজের বাকি আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন। সৌদি হজ মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর বিশ্বের বিভিন্ন দেশ থেকে ১৫ লাখের বেশি নিবন্ধিত হজযাত্রী হজ পালন করতে গিয়েছেন। বাংলাদেশ থেকে অংশ নিয়েছেন প্রায় ৭৮ হাজার ৫০০ জন। আরাফাতে উপস্থিত ১৬ লাখের বেশি মুসল্লি মধ্যে অভ্যন্তরীণ হজযাত্রীও রয়েছেন। মক্কা থেকে প্রায় ২০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে অবস্থিত আরাফাতের ময়দান জাবালে রহমত বা ‘রহমতের পাহাড়’কে কেন্দ্র করে বিস্তৃত। ৬৩২ খ্রিস্টাব্দে বিদায় হজে মহানবী হজরত মুহাম্মদ (সা.) এখানেই তার ঐতিহাসিক ভাষণ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

### বোয়ালখালীতে আগুনে পুড়লো ৫ বসতঘর

চট্টগ্রামের বোয়ালখালীতে আগুনে পুড়েছে পাঁচটি বসতঘর। মঙ্গলবার (২৬ মে) ভোর ৫টার দিকে উপজেলার চরণদ্বীপ ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের পূর্ব সৈয়দ নগর জব্বার বাপের বাড়িতে এ ঘটনা ঘটেছে। আগুনে জহির আহমেদ, মো. ইদ্রিস, মো. নাছির, জসিম উদ্দিন এবং মো. রাশেদের বসতঘর পুড়ে গেছে বলে জানা গেছে। ফায়ার সার্ভিস জানিয়েছে, বৈদ্যুতিক শট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে। ক্ষতিগ্রস্তরা জানান, ভোরে সবাই যখন ঘুমে ছিল তখন কিছু বুঝে ওঠার আগেই হঠাৎ আগুনের লেলিহান শিখা চারদিকে ছড়িয়ে পড়ে। ঘরের কোনো মালামাল রক্ষা করা

যায়নি। পরে খবর পেয়ে বোয়ালখালী ফায়ার সার্ভিসের দুই ইউনিট সকাল ৮টার দিকে আগুন নিয়ন্ত্রণে আনে। আগুনে প্রায় ১০ লাখ টাকার সমমূল্যের ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি ক্ষতিগ্রস্তদের। বোয়ালখালী ফায়ার সার্ভিস স্টেশনের ইনচার্জ অলক চাকমা বলেন, আগুনে একটি সেমি পাকা ও চারটি টিনসেড বসতঘর পুড়ে গেছে। তাৎক্ষণিক ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করা যায়নি। বৈদ্যুতিক শট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## আইসিটি বিভাগের ভারপ্রাপ্ত সচিব মামুনুর রশীদ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের ভারপ্রাপ্ত সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন একই মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. মামুনুর রশীদ ভুঞা। তাকে এ নিয়োগ দিয়ে সোমবার (২৫ মে) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব কাজী আনোয়ার হোসেনকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ঢাকা-গাজীপুরসহ দেশের বিভিন্ন অঞ্চলে ভূমিকম্প অনুভূত

ঢাকা ও গাজীপুরসহ দেশের বিভিন্ন অঞ্চলে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে। মঙ্গলবার (২৬ মে) বেলা ১১টা ৪১ মিনিটের দিকে এ ভূকম্পন অনুভূত হয়। ইউরোপিয়ান মেডিটেরিয়ান সিসমোলজিক্যাল সেন্টার (ইএমসিএস) এ তথ্য নিশ্চিত করেছে। তারা জানিয়েছে, ভূমিকম্পের মাত্রা ছিল রিখটার স্কেলে ৩ দশমিক ৬। এটির গভীরতা ছিল ১০ কিলোমিটার। তবে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ফারজানা সুলতানার পাঠানো বার্তায় বলা হয়েছে, ভূমিকম্পের মাত্রা ছিল রিখটার স্কেলে ৩ দশমিক ৪। ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ঢাকার ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্র থেকে ৬১ কিলোমিটার উত্তর দিকে ময়মনসিংহের ভালুকা উপজেলার আমতলীতে। অক্ষাংশ ২৪.৩৩° উত্তর, দ্রাঘিমাঃ ৯০.৩৯° পূর্ব।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## আমরা এখন পর্যন্ত কোনো থ্রেট অনুভব করিনি: র‍্যাব ডিজি

পবিত্র ঈদুল আজহাকে কেন্দ্র করে নিরাপত্তা ব্যবস্থায় এখন পর্যন্ত কোনো সুনির্দিষ্ট থ্রেট (হুমকি) নেই বলে জানিয়েছেন র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক (ডিজি) অতিরিক্ত আইজিপি মো. আহসান হাবীব পলাশ। তিনি বলেন, কোনো হুমকি না থাকলেও যেকোনো পরিস্থিতি মোকাবিলায় র‍্যাবের বিশেষ নিরাপত্তা প্রস্তুতি রয়েছে। মঙ্গলবার (২৬ মে) সকালে রাজধানীর জাতীয় ঈদগাহ ময়দানের ঈদের নামাজের নিরাপত্তা এবং দেশবাসীর নির্বিঘ্নে ঈদ উৎসব উদযাপনে র‍্যাবের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। আহসান হাবীব পলাশ বলেন, ঈদুল আজহা উপলক্ষে অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় করে র‍্যাব ব্যাপক নিরাপত্তা প্রস্তুতি গ্রহণ করেছে। আমরা এখন পর্যন্ত কোনো ধরনের থ্রেট অনুভব করিনি। তবে থ্রেট না থাকলেও আমাদের নিজস্ব যে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা থাকে, সেটি জোরদার রয়েছে। তিনি আরও বলেন, ঈদের প্রধান প্রধান জামাতগুলোতে নিরাপত্তা রক্ষায় বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। গুরুত্বপূর্ণ স্থানগুলোতে মোবাইল চেকপোস্ট স্থাপনের মাধ্যমে তল্লাশি কার্যক্রম চালানো হচ্ছে। দেশব্যাপী অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় করে চেকপোস্টের মাধ্যমে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

ঈদকে কেন্দ্র করে ফাঁকা রাজধানীর নিরাপত্তা প্রসঙ্গে আহসান হাবীব পলাশ বলেন, ঈদে রাজধানীসহ বিভিন্ন শহরে জনসমাগম তুলনামূলক কমে যাওয়ায় চুরি, ডাকাতি ও ছিনতাইয়ের মতো অপরাধের ঝুঁকি থাকে। এই পরিস্থিতি মোকাবিলায় রাত্রিকালীন নিরাপত্তা চৌকির সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। একই সঙ্গে সবে মেট্রোপলিটন শহর, জেলা ও উপজেলা পর্যায়ে রাত্রিকালীন টহল ব্যবস্থা জোরদার করা হয়েছে। কোরবানির পশুর হাট ও জাল টাকা রোধে র‍্যাবের ভূমিকার কথা উল্লেখ করে তিনি বলেন, পশুর হাটে ক্রেতা-বিক্রেতাদের ভোগান্তি রোধে র‍্যাবের নজরদারি অব্যাহত রয়েছে। এছাড়া জাল টাকা প্রতিরোধ ও শনাক্তকরণে প্রয়োজনীয় সরঞ্জাম প্রস্তুত রাখা হয়েছে এবং জাল টাকা প্রস্তুতকারীদের বিরুদ্ধে র‍্যাবের অভিযান চলমান আছে। কোরবানির পশুবাহী যানবাহন যেন কেউ জোরপূর্বক নির্দিষ্ট কোনো হাটে নিয়ে যেতে বাধ্য করতে না পারে, সে বিষয়েও বিশেষ কার্যক্রম অব্যাহত রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## গরুবাহী ট্রাকের ধাক্কায় অটোরিকশার যাত্রী নিহত, শিশুসহ আহত ৭

চট্টগ্রামের কর্ণফুলী উপজেলাতে গরুবাহী ট্রাকের ধাক্কায় সিএনজিচালিত অটোরিকশার এক যাত্রী নিহত হয়েছেন। এ ঘটনায় শিশুসহ আরও সাতজন আহত হয়েছেন। সোমবার (২৫ মে) উপজেলার বড়উঠান শাহমীরপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আব্দুল খালেক (৬২) নগরের বাকলিয়া থানার কালামিয়া বাজারের হাটখোলা এলাকার বাসিন্দা। তিনি মৃত আখতার উদ্দিনের ছেলে। স্থানীয় ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, মইজ্জ্যারটেক থেকে যাত্রী নিয়ে একটি সিএনজিচালিত অটোরিকশা চাতরী চৌমুহনীর দিকে যাচ্ছিল। পথে শাহমীরপুর বাদামতল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি গরুবাহী ট্রাক সিএনজিটিকে ধাক্কা দেয়। এতে অটোরিকশার সামনের দিকে বসা আব্দুল

খালেক গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে আনোয়ারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, দুর্ঘটনার সময় অটোরিকশাচালক এক হাতে মোবাইল ফোনে কথা বলছিলেন এবং অন্য হাতে গাড়ি চালাচ্ছিলেন। ট্রাকটি ধাক্কা দিলে তিনি গাড়ির নিয়ন্ত্রণ রাখতে পারেননি। নিহতের ছেলে আবু তারেক বলেন, আমরা দুই ভাই কেইপিজেডে চাকরি করি। পরিবার নিয়ে কর্ণফুলীর দৌলতপুর এলাকায় ভাড়া বাসায় থাকি। বাবা সকালে ফজরের নামাজ পড়ে বাড়ি থেকে বের হয়েছিলেন। পরে হাসপাতাল থেকে ফোন পেয়ে তার মৃত্যুর খবর জানতে পারি। আনোয়ারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডা. সাবরিনা সুলতানা বলেন, গুরুতর আহত অবস্থায় আটজনকে হাসপাতালে আনা হয়। তাদের মধ্যে একজন মারা যান। আহতদের একজনকে উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। কর্ণফুলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীনূর আলম বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে সিএনজি চালকের অসতর্কতার কারণে দুর্ঘটনাটি ঘটেছে। ঘাতক ট্রাকটি পালিয়ে গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## কালশী বস্তিতে আগুন: পুড়ে যাওয়া মালামাল সরানোর কাজ শুরু

রাজধানীর পল্লবীর কালশী এলাকার বাউনিয়াবাধ বস্তি থেকে আগুনে পোড়া মারামাল সরানোর কাজ শুরু হয়েছে। মঙ্গলবার (২৬ মে) সকাল থেকেই পোড়া টিনসহ বিভিন্ন সরঞ্জাম সরাতে দেখা গেছে বস্তিবাসীদের। পোড়া টিন ভাঙারি দোকানে বিক্রি করা হচ্ছে। এসব টিন সংগ্রহ করতে বিভিন্ন দোকান থেকে এসেছে একাধিক ভ্যান, অটোভ্যান ও মিনি ট্রাক। মোহাম্মদ সবুজ নামের একজন জানান, গতকালের আগুনে তার ১১টি ঘর পুড়েছে। ক্ষতি পুষিয়ে নিতে পোড়া টিনগুলো বিক্রি করে দিচ্ছেন। এতে সামান্য কিছু টাকা পাওয়া যাবে বলে জানান তিনি। মোতালেব নামের আরেকজন জানান, বস্তিতে তার একটা ভাঙারি দোকান, গোডাউন ও তিনটি ঘর পুড়ে গেছে। আগুন লাগার পর এক কাপড়ে পরিবারসহ বের হয়ে আসতে হয়েছে তাকে। পুড়ে যাওয়া মালামাল সংগ্রহে বস্তিবাসীর ব্যস্ততা/ছবি: জাগো নিউজ তিনি বলেন, আগুনের তাপে বস্তিতে কেউ থাকতে পারেনি। ফায়ার সার্ভিসের লোকেরা আমাদের বের হয়ে যেতে বলেছে। আজ সরেজমিন ঘুরে দেখা যায়, বাউনিয়াবাধ বস্তিতে অর্ধেকের বেশি ঘর পুড়ে গেছে। বস্তিজুড়ে ছড়িয়ে ছিটিয়ে আছে পোড়া টিন, কাঠ, কাপড়সহ নানা সামগ্রী। একাধিক সংগঠনের উদ্যোগে ক্ষতিগ্রস্তদের খাবার দিতে দেখা গেছে। গতকাল সোমবার (২৫ মে) সন্ধ্যায় আগুনের সূত্রপাত হয় বাউনিয়াবাধ বস্তিতে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর কাজ শুরু করে ফায়ার সার্ভিসের ১৫টি ইউনিট। রাত ৯টা ৩৫ মিনিটের দিকে আগুন নিয়ন্ত্রণে আনার কথা জানানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## আমাদের অসাবধানতার সুযোগ নিয়েছে কেএনএফ: র‍্যাবের ডিজি

বান্দরবনের রুমা ও থানচিতে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) তথা ইয়াসিন বাহিনীর অতর্কিত হামলার পেছনে র‍্যাবের কিছুটা অসাবধানতা ও গোয়েন্দা নজরদারির দুর্বলতা ছিল বলে জানিয়েছেন র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক (ডিজি) অতিরিক্ত আইজিপি মো. আহসান হাবীব পলাশ। তিনি বলেন, এই সন্ত্রাসী গোষ্ঠী কোনোভাবেই র‍্যাবের চেয়ে শক্তিশালী নয় এবং পাহাড়ে তাদের সম্পূর্ণ উচ্ছেদ করা হবে। মঙ্গলবার (২৬ মে) সকালে রাজধানীর জাতীয় ঈদগাহ ময়দানের ঈদের নামাজের নিরাপত্তা এবং দেশবাসীর নির্বিঘ্নে ঈদ উৎসব উদযাপনে র‍্যাবের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। আহসান হাবীব পলাশ বলেন, আপনারা জানেন চট্টগ্রাম অঞ্চলের দায়িত্বে থাকাকালীন এই সন্ত্রাসবিরোধী অপারেশনে আমি নিজে মুখ্য ভূমিকা পালন করেছি। বর্তমানে পাহাড়ে র‍্যাব ও পুলিশের দুটি বিশেষ ক্যাম্প সার্বক্ষণিক ও অত্যন্ত নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করছে। র‍্যাব মহাপরিচালক বলেন, মূলত র‍্যাবের মূল ক্যাম্পে কোনো হামলা হয়নি। ওই দুর্গম এলাকায় আমরা নতুন একটি ক্যাম্প স্থাপন করে স্থায়ীভাবে বসার (সেটেলড হওয়ার) উদ্যোগ নিয়েছিলাম। আমাদের সেই অপ্রস্তুত নতুন ক্যাম্পটির ওপরই তারা অতর্কিত হামলা চালায়। র‍্যাবের কোনো গাফিলতি ছিল কি না জানতে চাইলে তিনি বলেন, তারা মূলত অতর্কিতভাবে কাজটি করেছে। আমার মনে হয়, এখানে আমাদেরও কিছু অসাবধানতা ছিল, এটা অস্বীকার করার উপায় নেই। আমরা হয়তো তাদের কার্যক্রমটা সেই লেভেলের মনিটরিং বা নজরদারিতে রাখতে পারিনি। আমাদের পরাস্ত (ওভারপাওয়ার) করার মতো শক্তি তাদের নেই জানিয়ে তিনি বলেন, এটা তারা নিজেরাও খুব ভালো করে জানে। আমাদের কিছুটা অসাবধানতার সুযোগ নিয়ে তারা এই ঘটনাটি ঘটিয়েছে। কিন্তু তারা আর পার পাবে না। র‍্যাবের ডিজি বলেন, তারা যেখানেই থাকুক, যেভাবে থাকুক তাদের আমরা পাহাড় থেকে সম্পূর্ণ উচ্ছেদ করবো। এই হামলার ঘটনায় এখন পর্যন্ত প্রায় ৩০ জন সন্ত্রাসীকে গ্রেফতার করা হয়েছে। আপনারা নিশ্চিত থাকতে পারেন, তারা আর সেখানে মাথাচাড়া দিতে পারবে না। আমরা তাদের তাড়িয়ে দিয়েছি এবং তারা তাড়ানো অবস্থাতেই থাকবে। নতুন করে কোনো শক্তির সেখানে ঢোকার সুযোগ নেই। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## পশুর হাটে স্বস্তিদায়ক পরিবেশ নিশ্চিতে কাজ করছে সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেছেন, রাজধানীর পশুর হাটগুলোতে ক্রেতা ও বিক্রেতাদের স্বস্তিদায়ক পরিবেশ নিশ্চিত করতে সরকার ও সংশ্লিষ্ট সংস্থাগুলো সমন্বিতভাবে কাজ করছে। মঙ্গলবার (২৬ মে) দুপুরে রাজধানীর গাবতলী পশুর হাট পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী মীর শাহে আলম

বলেন, প্রায় ১৫ দিন আগে হাট পরিদর্শনের সময় যে নির্দেশনা দেওয়া হয়েছিল, তার ভিত্তিতে ব্যবস্থাপনার উন্নতি হয়েছে। পশুর মোট মূল্যের ৫ শতাংশ হারে হাসিল নির্ধারণ এবং রশিদ দেওয়ার বিষয়টি নিশ্চিত করা হয়েছে। পাশাপাশি অর্থ লেনদেন স্বচ্ছ রাখতে মানি রশিদ ও টাকার রশিদও পর্যবেক্ষণ করা হচ্ছে। তিনি আরও জানান, বৃষ্টির কারণে সাময়িক সমস্যা তৈরি হলে তাৎক্ষণিকভাবে পানি নিষ্কাশন ও মাটি সমতল করার জন্য সিটি করপোরেশনের কর্মীরা কাজ করবে। কোথাও কাদা বা দুর্ভোগ তৈরি হলে ইট, বালু ও সুরকি দিয়ে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। হাট ব্যবস্থাপনায় সার্বক্ষণিক মনিটরিং, কন্ট্রোল রুম, ওয়াচ টাওয়ার এবং আইনশৃঙ্খলা বাহিনীর উপস্থিতির কথা উল্লেখ করে মীর শাহে আলম বলেন, নিরাপত্তা নিশ্চিত করতে র‍্যাব, পুলিশ ও সিটি করপোরেশন একসঙ্গে কাজ করছে। তিনি ক্রেতা-বিক্রেতা সবাইকে হাট ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহযোগিতা করার আহ্বান জানান। এ সময় ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক, ঢাকা মহানগর পুলিশ কমিশনারসহ সংশ্লিষ্ট দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## সন্ত্রাসীদের অভয়ারণ্য যেখানেই থাকুক নির্মূল করা হবেঃ স্বরাষ্ট্রমন্ত্রী

চট্টগ্রামের জঙ্গল সলিমপুরে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোর জন্য একটি সমন্বিত প্রশিক্ষণকেন্দ্র বা 'হাব' গড়ে তোলা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার (২৬ মে) দুপুরে পুলিশ সদর দপ্তরে এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। সালাহউদ্দিন আহমদ বলেন, সন্ত্রাসীদের অভয়ারণ্য যেখানেই থাকুক, সেগুলো নির্মূল করা হবে। আমরা আশা করি, আপনারা সবাই সহযোগিতা করবেন এবং সমাজের সর্বস্তরের মানুষ আমাদের এ উদ্যোগকে সমর্থন ও সহযোগিতা করবেন। আমরা এ দেশে কোনোভাবেই সন্ত্রাসী, মাদক ব্যবসায়ী এবং চাঁদাবাজদের স্থান দেব না। র‍্যাব ও পুলিশের ওপর হামলার বিষয়ে করা এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জঙ্গল সলিমপুরসহ অন্যান্য জায়গায় যেখানে র‍্যাব এবং পুলিশ বাহিনীর ওপর আক্রমণ হয়েছে, সেটি আমরা গভীরভাবে দেখেছি এবং এ বিষয়ে ব্যবস্থা নিচ্ছি। সেটি যখন আপনাদের সামনে দৃশ্যমান হবে, তখন আপনারা দেখতে পাবেন। তিনি বলেন, দীর্ঘ ১৭ বছর দেশে আইনের শাসন ছিল না, দুর্বৃত্তায়নের একটি মহামারি চলেছে। জঙ্গল সলিমপুর যেন রাষ্ট্রের ভেতরে আরেকটি রাষ্ট্রে পরিণত হয়েছিল। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যৌথ অভিযানে সেখান থেকে প্রচুর অস্ত্র উদ্ধার ও দাগি আসামিদের গ্রেপ্তার করা হয়েছে। এলাকাটিতে পুলিশ ও র‍্যাবের অ্যাকাডেমি, স্পোর্টর্স কমপ্লেক্স, বিজিবি ও এপিবিএনসহ বিভিন্ন বাহিনীর জন্য একটি সমন্বিত প্রশিক্ষণকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। পাশাপাশি সেখানে চট্টগ্রাম কারাগার স্থানান্তরেরও কথা রয়েছে। সেখানে সন্ত্রাসীদের আর কোনো স্থান দেওয়া হবে না এবং কঠোরভাবে তাদের নিয়ন্ত্রণ করা হবে।

বাংলাদেশ-ভারত সীমান্তে এমন কোনো ঘটনা ঘটেনি যেটা জাতীয়ভাবে উদ্বেগ সৃষ্টি হবে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেন, এমন কোনো বিষয় আমরা লক্ষ্য করি নাই যেটা আলাপ-আলোচনার মাধ্যমে এখন সমাধান হচ্ছে না। এটা স্বাভাবিক প্রক্রিয়া, সীমান্তে যদি কোনো রকমের কোনো সময় সমস্যা হয় তখন ফ্ল্যাগ মিটিংয়ের মাধ্যমে সেটা আলাপ-আলোচনার মাধ্যমে উভয়পক্ষে এটা সমাধান করা হয়। এমন কোনো বিষয় আমরা লক্ষ্য করি নাই যেটা আলাপ-আলোচনার মাধ্যমে এখন সমাধান হচ্ছে না। তিনি বলেন, দুই-একটা ঘটনা আমাদের নজরে এসেছে। আমাদের বিজিবির ডিজি সেগুলো তাৎক্ষণিকভাবে অ্যাড্রেস করেছেন এবং সীমান্তে যারা আমাদের অফিসাররা আছেন তারাও সেটা যথাযথভাবে জবাব দিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## সড়কে কোনো ধরনের দুর্বৃত্তায়ন বরদাশত করা হবে নাঃ সড়কমন্ত্রী

ঈদযাত্রায় সড়কে কোনো ধরনের দুর্বৃত্তায়ন বরদাশত করা হবে না বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং নৌপরিবহন মন্ত্রী শেখ রবিউল আলম। মঙ্গলবার (২৬ মে) রাজধানীর সায়েদাবাদ বাস টার্মিনাল পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। সড়ক পরিবহন মন্ত্রী বলেন, প্রতিটি কাউন্টারে নির্ধারিত ভাড়ার স্টিকার লাগানো হয়েছে। বাসেও ভাড়ার তালিকা সংযুক্ত করা হয়েছে। যাত্রীরা আগের যে কোনো সময়ের তুলনায় নির্ধারিত সময়ে ভালোভাবে বাড়ি যেতে পারছেন এবং মোবাইল কোর্টও কাজ করছে। তিনি বলেন, যাত্রীরা সরাসরি পরিবহনের নাম উল্লেখ করে অভিযোগ জানালে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। অনেক যাত্রী অগ্রিম টিকিট না কাটার কারণে ভোগান্তিতে পড়ছেন। আবার অনেকক্ষেত্রে যাত্রীদের অসচেতনতার সুযোগ নিয়ে চালক বা সুপারভাইজার অতিরিক্ত ভাড়া আদায় করছে। শেখ রবিউল আলম বলেন, আড়ালে-আবডালে দুর্বৃত্ত আছে, সেটা অস্বীকার করার সুযোগ নেই। তবে তাদের কোনোভাবেই প্রশ্রয় দেওয়া হবে না। এরপরও কেউ যদি ভাড়া বেশি নিয়ে থাকে সেক্ষেত্রে সুনির্দিষ্ট অভিযোগ দেওয়া হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। কোরবানির পশুর হাট প্রসঙ্গে তিনি বলেন, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা হয়েছিল যে, সড়কে পশুর হাট বসবে না। তবে পশু ও ক্রেতার চাপ বেড়ে যাওয়ায় অনেক সময় হাট সড়কে চলে আসছে। এতে কিছু ক্ষেত্রে সমন্বয়হীনতা তৈরি হচ্ছে। মন্ত্রী আরও বলেন, সরকারের মনিটরিংয়ে কিছু সীমাবদ্ধতা রয়েছে। বিপুলসংখ্যক মানুষ পণ্যবাহী ট্রাকে যাতায়াত করছে। এসব ট্রাক থামাতে গেলে অনেক সময় মহাসড়কে যানজট তৈরি হয়। নাগরিকরা সচেতন না হলে সড়কে শৃঙ্খলা বজায় রাখা কঠিন হয়ে পড়ে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## একদিন আগেও ছিল ঘর, আজ আশ্রয় ফ্লাইওভারের নিচে

সোমবারও মাথার ওপর ছিল টিনের ছাউনি। ছোট ছোট ঘরজুড়ে ছিল সংসার, জীবিকার সংগ্রাম আর বেঁচে থাকার স্বপ্ন। কিন্তু ভয়াবহ আগুনে সব হারিয়ে এখন কালশী ফ্লাইওভারের নিচেই ঠাঁই নিয়েছেন বাউনিয়াবাঁধ বস্তির বহু মানুষ। পাশে পড়ে আছে বস্তাবন্দি সামান্য কিছু মালামাল, চোখেমুখে অনিশ্চয়তা আর ক্লান্তির ছাপ। রাত থেকেই ফ্লাইওভারের নিচে অর্ধশত মানুষ আশ্রয় নিয়েছেন। ফ্লাইওভারের উল্টো পাশেই বসেছে গরুর হাট। কয়েকটি গরু-ছাগল বাধা রয়েছে আশ্রয় নেওয়া পরিবারগুলোর কাছেই। পশুর বর্জ্য, আবর্জনা সঙ্গে নিয়ে ফ্লাইওভারের নিচে মানবেতর জীবন কাটছে তাদের। মঙ্গলবার (২৬ মে) দুপুরে সরেজমিনে দেখা যায়, আগুনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলো খোলা জায়গায় অস্থায়ীভাবে অবস্থান নিয়েছে। কেউ মাটিতে বসে আছেন, কেউ পোড়া মালামাল পাহারা দিচ্ছেন। শিশুদের কেউ খালি গায়ে ঘুরছে, কেউ মায়ের কোলে ঘুমিয়ে আছে। পুরো এলাকায় ছড়িয়ে আছে অসহায়ত্বের এক নিঃশব্দ দৃশ্য। সকালে তুমুল বৃষ্টি শুরু হলে অন্ধকার হয়ে যায় ফ্লাইওভারের নিচের পরিসর। বৃষ্টিতে ভিজে যান অনেকেই। কেউ আবার বৃষ্টির পানি থেকে বাচঁতে প্লাস্টিকের পলিথিন, বস্তা জড়িয়ে বসে আছেন। ক্ষতিগ্রস্তদের অভিযোগ, অগ্নিকাণ্ডের পর কিছু খাবার সহায়তা মিললেও এখনো স্থায়ী আশ্রয় বা পুনর্বাসনের কোনো নিশ্চয়তা পাননি তারা। ফলে একদিন আগেও যাদের মাথার ওপর একটি ছাদ ছিল, আজ তারা খোলা আকাশের নিচে অনিশ্চিত জীবনের অপেক্ষায় দিন কাটাচ্ছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ঢাকার পশুর হাটে চাঁদাবাজির কোনো অভিযোগ নেইঃ উত্তর সিটি প্রশাসক

ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক শফিকুল ইসলাম মিল্টন বলেছেন, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় পশুর হাটে আমরা চাঁদাবাজির কোনো অভিযোগ পাইনি। মঙ্গলবার (২৬ মে) দুপুরে রাজধানীর গাবতলী পশুর হাট পরিদর্শনে এসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। গাবতলী হাটে গরু বাঁধার জন্য প্রতি খুটির জন্য ১৫ হাজার টাকা আদায়ের অভিযোগ উছেছে। এমন প্রশ্নের জবাবে প্রশাসক মিল্টন বলেন, 'এই বিষয়টি নিয়ে তদন্ত করেছি। এমন কোনো সত্যতা পাইনি। কারো কাছ থেকে হাসিলের ৫ শতাংশের বেশি নেওয়া হচ্ছে না।' এ সময় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার মোসলেহ উদ্দিন বলেন, কোনো ধরনের চাঁদাবাজির সুনির্দিষ্ট অভিযোগ থাকলে আপনারা আমাদের জানাবেন, আমরা সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেবো। তিনি আরও বলেন, ঢাকা উত্তর সিটি করপোরেশনের আওতাধীন যতগুলো হাট আছে অস্থায়ী এবং স্থায়ী গাবতলী হাট, সব জায়গায় কথা বলছি। আমাদের নজরে এখনো চাঁদাবাজির কোনো ঘটনা আসেনি। যদি এরকম কোনো সুনির্দিষ্ট অভিযোগ থাকে তাহলে আইনশৃঙ্খলা বাহিনীসহ বিভিন্ন সংস্থা আছে, তারা ব্যবস্থা নেবে। এর আগে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমকে সঙ্গে নিয়ে গাবতলী পশুর হাট পরিদর্শন করেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক শফিকুল ইসলাম মিল্টন। এসময় তারা গরুর ব্যাপারী ও ক্রেতাদের সঙ্গে কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ঈদের ছুটিতে যেভাবে চলবে চিকিৎসাসেবা

পবিত্র ঈদুল আজহার দীর্ঘ ছুটিতে আছে দেশ। হামের প্রাদুর্ভাবের সময় সরকারি সাত দিনের ছুটিতে কীভাবে চলবে হাসপাতাল- এই প্রশ্ন অনেকের। তবে, স্বাস্থ্য অধিদপ্তর ও বিভিন্ন হাসপাতালের পরিচালক থেকে এসেছে স্বস্তির খবর। দেশের সরকারি ও বেসরকারি হাসপাতালগুলোতে চিকিৎসাসেবা স্বাভাবিক এবং নিরবচ্ছিন্ন রাখতে ১৮ দফার বিশেষ নির্দেশনা জারি করেছে স্বাস্থ্য অধিদপ্তর। একই সঙ্গে ঈদের ছুটির মধ্যেও রাজধানীসহ দেশের বড় হাসপাতালগুলোতে বিশেষ রোস্টারের মাধ্যমে চিকিৎসাসেবা চালু রাখার প্রস্তুতি নেওয়া হয়েছে। চালু থাকবে সব সেবা রাজধানীর মুগদা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ডা. মেজবাউর রহমান জাগো নিউজকে বলেন, ঈদেও আমাদের বিভিন্ন ধরনের পরীক্ষা-নিরীক্ষাসহ সব সেবা চালু থাকবে। আমরা সেভাবেই রোস্টার তৈরি করেছি। সার্বক্ষণিক সেবা দেওয়ার প্রস্তুতি আছে আমাদের। কুর্মিটোলা মাল্টিকেয়ার স্পেশালাইজড হাসপাতালের (সাবেক কুর্মিটোলা জেনারেল হাসপাতাল) পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সাঈদ নুর জাগো নিউজকে বলেন, ঈদের সময়েও হাসপাতালে সার্বক্ষণিক চিকিৎসাসেবা চালু থাকবে। ইনডোর, ইমার্জেন্সি ও প্রয়োজনীয় সব সেবা খোলা থাকবে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী টানা ৭২ ঘণ্টার বেশি কোনো হাসপাতাল বন্ধ রাখা যাবে না। সেই নির্দেশনা অনুসরণ করে ২৬ ও ৩০ মে হাসপাতালের সব বিভাগ পূর্ণাঙ্গভাবে খোলা রাখা হবে। তিনি আরও বলেন, ২৭, ২৮ এবং ২৯ মে শুধু আউটডোর সেবা বন্ধ থাকবে, তবে ইমার্জেন্সি ও অন্যান্য জরুরি সেবা চালু থাকবে। এছাড়া কনসালট্যান্ট ও বিভাগীয় প্রধানরা অনলাইনে যুক্ত থাকবেন এবং প্রয়োজন হলে তাৎক্ষণিক পরামর্শ দেবেন। সীমিত জনবল থাকলেও চিকিৎসাসেবা কখনো বন্ধ হবে না বলেও তিনি আশ্বস্ত করেন। বিএমইউর বহির্বিভাগ খোলা থাকবে ২৭ ও ৩০ মে পবিত্র ঈদুল আজহা উপলক্ষে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএমইউ) হাসপাতাল ২৫ মে থেকে ৩১ মে পর্যন্ত বন্ধ থাকবে। তবে, এই সময়ে প্রচলিত নিয়মে ইনডোর ও জরুরি বিভাগ খোলা থাকবে। ২৭ মে ও ৩০ মে বহির্বিভাগ খোলা থাকবে। রোগীদের সুবিধার্থে ওই দুই দিন বহির্বিভাগ সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত খোলা থাকবে। বিএমইউর রেজিস্ট্রার অধ্যাপক ডা. মোস্তফা কামাল স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়। ২৭ মে ও ৩০ মে বহির্বিভাগের চিকিৎসা কার্যক্রম সফল করার জন্য হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ইরতেকা রহমানকে

বিএমইউ প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজঃ ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## বিজিএমইএ সদস্য কারখানায় প্রায় শতভাগ বেতন-বোনাস পরিশোধ

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) সদস্য কারখানাগুলোতে প্রায় শতভাগ বেতন ও বোনাস পরিশোধ করা হয়েছে। সংগঠনটির আওতাধীন ঢাকা ও চট্টগ্রাম জোনের মোট দুই হাজার ১৩৪টি সচল কারখানার তথ্য বিশ্লেষণ করে তা জানা গেছে। বিজিএমইএর তথ্য অনুযায়ী, মার্চ মাসের বেতন সব কারখানায় শতভাগ পরিশোধ করা হয়েছে। এপ্রিলের বেতন দেওয়া হয়েছে দুই হাজার ১২৮টি কারখানায়, যা মোট কারখানার ৯৯ দশমিক ৭২ শতাংশ। ঈদ বোনাস সুবিধা দেওয়া হয়েছে দুই হাজার ১২৫টি, অর্থাৎ ৯৯ দশমিক ৫৮ শতাংশ কারখানায়। এছাড়া মে মাসের অগ্রিম বেতন দুই হাজার ২৩টি কারখানায় পরিশোধ করা হয়েছে, যা মোট প্রতিষ্ঠানের ৯৪ দশমিক ৮০ শতাংশ। ঢাকা জোনের হিসাব অনুযায়ী, এক হাজার ৭৯৪টি কারখানার সবগুলোতেই মার্চের বেতন পরিশোধ সম্পন্ন হয়েছে। একই সঙ্গে ৯৯ দশমিক ৭৮ শতাংশ কারখানায় এপ্রিলের বেতন ও ঈদ বোনাস দেওয়া হয়েছে। বাকি অল্প কয়েকটি কারখানায় এপ্রিলের বেতন ও বোনাস দেওয়া প্রক্রিয়াধীন। পাশাপাশি মে মাসের অগ্রিম বেতনও প্রায় ৯৫ শতাংশ কারখানায় পরিশোধ করা হয়েছে। অন্যদিকে, চট্টগ্রাম জোনের ৩৪০টি কারখানার সবগুলোতেই মার্চের বেতন পরিশোধ হয়েছে। এপ্রিলের বেতন পরিশোধের হার ৯৯ দশমিক ৪১ শতাংশ এবং ঈদ বোনাস দেওয়া হয়েছে ৯৮ দশমিক ৫৩ শতাংশ কারখানায়। এ জোনে মে মাসের অগ্রিম বেতন পরিশোধের হার ৯৪ শতাংশের বেশি। বিজিএমইএ জানিয়েছে, শ্রমিকদের ঈদযাত্রা সহজ করতে কারখানাগুলো পর্যায়ক্রমে ছুটি ঘোষণা করছে। এরই মধ্যে ঢাকা জোনের প্রায় ৮৬ শতাংশ কারখানায় ছুটি শুরু হয়েছে এবং আগামী ২৭ মে'র মধ্যে বাকি কারখানাগুলোও ছুটিতে যাবে। (জাগো নিউজ ওয়েব পেজঃ ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ইসলামী ব্যাংকে খুরশিদ আলমকে চেয়ারম্যান করার প্রতিবাদে মানববন্ধন

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসিতে সাবেক ডেপুটি গভর্নর খুরশিদ আলমকে চেয়ারম্যান হিসেবে নিয়োগের প্রতিবাদে মানববন্ধন করেছে ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরাম। সংগঠনটির নেতারা হুঁশিয়ারি দিয়ে বলেছেন, খুরশিদ আলমকে চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হলে বাংলাদেশ ব্যাংকের গভর্নরকে বিদায় নিতে হবে। সোমবার (২৫ মে) বিকেলে রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন হয়। ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরামের সভাপতি অধ্যাপক নূর নবী মানিকের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য দেন সংগঠনের সহ-সভাপতি মাওলানা ফরিদুল ইসলাম, ব্যাংকের শেয়ারহোল্ডার ও ব্যবসায়ী মোস্তাফিজুর রহমান, শাহীন আহমেদ খান, মোতাছিম বিল্লাহ, শামীম হাসনাইন, আব্দুর রহমান এবং অ্যাডভোকেট আব্দুল বারী প্রমুখ। বক্তারা অভিযোগ করেন, ফ্যাসিবাদের দোসর ও এস আলম গ্রুপের সুবিধাভোগী হিসেবে পরিচিত খুরশিদ আলমকে ইসলামী ব্যাংকের চেয়ারম্যান হিসেবে গ্রাহকরা মেনে নেবেন না। তারা বলেন, খুরশিদ আলমকে ব্যাংকে ঢুকতে হলে ৩ কোটি গ্রাহকের রক্তের ওপর দিয়ে ঢুকতে হবে। তারা আরও বলেন, গ্রাহকদের আমানত রক্ষায় প্রয়োজনে ব্যাংক পাহারা দেওয়া হবে। কোনো ধরনের অপ্রীতিকর পরিস্থিতি সৃষ্টি হলে তার দায়ভার বাংলাদেশ ব্যাংকের গভর্নরকেই নিতে হবে বলেও হুঁশিয়ারি দেন বক্তারা। মানববন্ধনে বক্তারা দাবি করেন, ইসলামী ব্যাংককে ধ্বংস ও আমানত লুটপাটের ষড়যন্ত্র চলছে। তারা বলেন, এস আলমের উত্তরসূরি 'কে আলম' হিসেবে খুরশিদ আলমকে ইসলামী ব্যাংকের চেয়ারম্যান করা হলে তা কোনোভাবেই মেনে নেওয়া হবে না। বক্তারা আরও অভিযোগ করেন, বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমান এস আলমের এজেন্ডা বাস্তবায়নে কাজ করছেন। একইসঙ্গে তারা ইসলামী ব্যাংকের এমডি ওমর ফারুককে স্বপদে বহাল রেখে ব্যাংকের কার্যক্রম এগিয়ে নেওয়ার আহ্বান জানান। মানববন্ধনে ইসলামী ব্যাংকের শতাধিক শেয়ারহোল্ডার, গ্রাহক ও ব্যবসায়ীরা অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজঃ ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## সরকারি চাল যুবদলের খেলার মাঠে নিয়ে বিতরণ, সচিব বললেন 'তারাও তো গরিব

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার দহগ্রাম ইউনিয়নে দুস্থদের জন্য বরাদ্দ করা ভিজিএফ কর্মসূচির চাল যুবদলের খেলার মাঠে নিয়ে বিতরণের অভিযোগ উঠেছে। রোববার (২৪ মে) ইউনিয়ন পরিষদে চাল বিতরণের সময় কয়েকটি ভ্যানে ৮-১০ বস্তা করে চাল যুবদলের খেলার মাঠে নিয়ে যাওয়া হয়। স্থানীয়দের অভিযোগ, সব মিলিয়ে প্রায় ৫০ বস্তা চাল সুকৌশলে আত্মসাত করা হয়েছে। এসময় ইউনিয়ন পরিষদে উপস্থিত ছিলেন দহগ্রাম ইউনিয়ন যুবদলের সদস্যসচিব রাজু, সাবেক যুগ্ম আহ্বায়ক আমিনুর ইসলাম এবং ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মনির। স্থানীয় সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে ওই ইউনিয়নের আওয়ামীপন্থি চেয়ারম্যান পলাতক রয়েছেন। ১ নম্বর প্যানেল চেয়ারম্যানও প্রায়ই অনুপস্থিত থাকেন। এই পরিস্থিতিতে ইউনিয়ন পরিষদের প্রশাসকের দায়িত্ব দেওয়া হয় পাটগ্রাম উপজেলা শিক্ষা অফিসার হামিদ সরকারকে। তবে অবাক করার বিষয় হলো, যেদিন ১৪০০ মানুষকে চাল বিতরণ করা হয়, সেদিন ইউনিয়ন পরিষদ সচিব, প্রশাসক কিংবা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কেউই সেখানে উপস্থিত ছিলেন না। ইউপি সদস্যরা নিজেদের ইচ্ছামতো চাল বিতরণ করেন। অনিয়মের কথা ফোনে অকপটে স্বীকার করেন দহগ্রাম ইউনিয়ন পরিষদের ৪ নম্বর ওয়ার্ডের সদস্য মইনুল। তিনি বলেন, 'আমরা তো দল করি, আমাদের দলের দায়িত্বশীলরা সেখানে ছিলেন। চেয়ারম্যান যেহেতু আওয়ামী লীগ

করেন, তিনি পলাতক। আর প্রশাসকও সেদিন আসেননি। যুবদলের নামে সরাসরি চাল দেওয়া হয়নি। তারা আমাদের কাছে ভোটার আইডি কার্ড দিয়েছিলেন। আমরা বিভিন্ন ওয়ার্ডের তালিকায় তাদের নামগুলো ঢুকিয়ে দিয়েছিলাম। সেখান থেকেই তারা চাল পেয়েছেন।' (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## কেনা হবে ১ কোটি চামড়া, এবারও দাম পাওয়া নিয়ে শঙ্কা

এ বছর প্রায় এক কোটি পিস চামড়া সংগ্রহ করবেন ট্যানারির মালিকরা। শুধু ঢাকার সাভার চামড়া শিল্পনগরীতেই ঈদ ও ঈদের পরের দিনে সংগ্রহ হবে ছয় লাখ পিস। প্রায় এক লাখ পিস কাঁচা চামড়া সংগ্রহ করবেন পুরান ঢাকার পোস্তার ব্যবসায়ীরা। এদিকে, সরকার নির্ধারিত চামড়ার দাম কিছুটা বাড়লেও এবারও ভালো দাম পাওয়া যাবে কি না তা নিয়ে শঙ্কা রয়েছে। আর চামড়া সংগ্রহে সাভার ট্যানারি থেকে শুরু করে সংশ্লিষ্ট সবার প্রস্তুতি শেষ হয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, কোরবানির সময় পুরো বছরের প্রায় ৪৫-৫৫ শতাংশ চামড়া সংগ্রহ হয়। এ বছর গরু, ছাগল ও মহিষ মিলিয়ে প্রায় এক কোটি পিস চামড়া সংগ্রহের লক্ষ্যমাত্রা রয়েছে। শুধু সাভারের চামড়া শিল্পনগরীতেই ঈদের দিন ও পরদিন প্রায় ছয় লাখ পিস চামড়া সংগ্রহ হতে পারে।

তারা বলছেন, লবণের দাম এবার সহনীয় পর্যায়ে রয়েছে। যদিও কেউ কেউ দাবি করছে দাম একটু বাড়তি রয়েছে। এরইমধ্যে সাভারের চামড়া শিল্পনগরীতে বিভিন্ন এলাকা থেকে শ্রমিক আসা শুরু করেছে, তাদের প্রস্তুতি ভালোই। সরকার নির্ধারিত দামে চামড়া কেনার চেষ্টা করবেন ট্যানারি মালিকরা। তবে সময় মতো লবণ না দিলে বা সংরক্ষণে দেরি হলে চামড়ার গুণগত মান নষ্ট হবে, তখন ন্যায্যমূল্য পাওয়া যাবে না। কোরবানির ৪ থেকে ৫ ঘণ্টার মধ্যে লবণ দিয়ে চামড়া সংরক্ষণের পরামর্শ তাদের। জানতে চাইলে বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশনের (বিটিএ) সিনিয়র ভাইস চেয়ারম্যান ও সালমা ট্যানারির স্বত্বাধিকারী মো. সাখাওয়াত উল্লাহ জাগো নিউজকে বলেন, 'সারা বছরের মোট চামড়ার প্রায় ৪৫ থেকে ৫৫ শতাংশ কোরবানির সময় সংগ্রহ হয়। এ কারণে আমাদের আগেভাগেই প্রস্তুতি ও মজুত নিশ্চিত করতে হয়। শত প্রতিকূলতার মধ্যেও আমরা সেই প্রস্তুতি নিয়ে থাকি। এ বছর গরু, ছাগল ও মহিষ মিলিয়ে প্রায় এক কোটি পিস চামড়া সংগ্রহের লক্ষ্যমাত্রা রয়েছে। শুধু সাভারের চামড়া শিল্পনগরীতেই ঈদের দিন ও পরদিন প্রায় ছয় লাখ পিস চামড়া সংগ্রহ হবে।' তিনি বলেন, গত দুই মাস ধরে ব্যবসায়িক পরিস্থিতি কিছুটা মন্দা যাচ্ছে। বিশেষ করে ব্যাংক থেকে প্রত্যাশিত সহযোগিতা পাওয়া যাচ্ছে না। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা থাকলেও অনেক ব্যাংক গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ দিতে আগ্রহ দেখাচ্ছে না। লবণের দামের বিষয়ে এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, লবণের দাম এ বছর সহনীয় পর্যায়ে আছে। অতটা বাড়েনি। এছাড়া চামড়া সংগ্রহের জন্য বিভিন্ন এলাকা থেকে শ্রমিকরাও আসা শুরু করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## হাম ও হামের উপসর্গে শিশুমৃত্যু সাড়ে ৫শ ছাড়ালো

দেশে হামে আক্রান্ত হয়ে ও হাম রোগের উপসর্গ নিয়ে আরও ১০ শিশু মারা গেছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৫৫৫ জনে। মঙ্গলবার (২৬ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। সোমবার (২৫ মে) সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতির বিষয়ে প্রতিবেদনে জানানো হয়, এ সময়ে নিশ্চিত হামে একজন ও সন্দেহজনক হাম রোগে নয়জন মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৮৮ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৪৬৭। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে আট হাজার ৭৭২ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৬৬ হাজার ২৩। উল্লেখিত সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৫২ হাজার ৫৩০ জনকে এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৪৮ হাজার ৮০০ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৫২ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দুজন করে মৃত্যুবরণ করেছে। সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ১৮৪ জনের মৃত্যু ঘটেছে ঢাকা বিভাগে। এরপর ৮৩ জন মারা গেছে রাজশাহীতে। সেই সঙ্গে সিলেটে ৫৪, চট্টগ্রামে ৪৪, ময়মনসিংহে ৪০, বরিশালে ৩৫, খুলনায় ২১ ও রংপুরে ছয়জন প্রাণ হারিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ, পুলিশের টিয়ারগ্যাস নিক্ষেপ

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন একটি পোশাক কারখানার শ্রমিকরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী চেষ্টা করলে বিক্ষুব্ধ শ্রমিকরা সংঘর্ষে জড়িয়ে পড়ে। একপর্যায়ে পুলিশ টিয়ারগ্যাস ও রাবার বুলেট ছোড়ে। মঙ্গলবার (২৬ মে) দুপুর ১টায় মহাসড়কের টিপুদ্রি সংলগ্ন চৈতি গার্মেন্টসের সামনে শ্রমিকরা অবস্থান নেন। দেখা গেছে, দুপুর ১টার পড়ে মহাসড়কের টিপুদ্রি এলাকার পাশে অবস্থিত চৈতি গার্মেন্টসের সামনে ওই কারখানার শ্রমিকরা বেতন-ভাতার দাবিতে মহাসড়ক অবরোধ করে আন্দোলনে নামেন। এতে মহাসড়কের টিপুদ্রি থেকে মেঘনা টোলপ্লাজা পর্যন্ত ছাড়িয়ে অন্তত ১৭ কিলোমিটার তীব্র যানজট সৃষ্টি হয়ে গাড়ির জটলা তৈরি হয়। এরপর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ঘটনাস্থল পৌঁছে অবরোধকারীদের বুঝিয়ে সড়ক ছাড়ার চেষ্টা চালায়। তবে বিক্ষুব্ধ শ্রমিকরা মহাসড়ক ছাড়তে অপারগতা প্রকাশ করলে উত্তেজনা তৈরি হয়ে সংঘর্ষে রূপ নেয়। একপর্যায়ে শ্রমিকদের ছত্রভঙ্গ করতে পুলিশ টিয়ারগ্যাস ও রাবার বুলেট ছোড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণের

চেষ্টা চালায়। আন্দোলনরত শ্রমিকদের দাবি, এপ্রিলের বকেয়াসহ মে মাসের বেতন ঈদের আগে পরিশোধ করতে হবে। কারখানার মালিকপক্ষ পুরো বেতন দিতে অপরাগতা প্রকাশ করায় ক্ষোভে আন্দোলন শুরু হয়। কাঁচপুর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম শেখ জাগো নিউজকে বলেন, দুপুর থেকে চৈতি গার্মেন্টসের শ্রমিকরা বেতন ও বোনাসের দাবিতে সড়ক অবরোধ করে আন্দোলন শুরু করে। এতে সড়কের একটি লেনে যানজটের সৃষ্টি হয়। সেই যানজট মেঘনা টোল প্লাজার দিকে গিয়ে ঠেকেছে। শ্রমিকদের বুঝিয়ে শুনিয়ে সড়ক থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করছি। সোনারগাঁ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম সারোয়ার বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে নিতে দুই রাউন্ড টিয়ারগ্যাস ছোড়া হয়েছে, কোনো গুলি চালানো হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## দাঁড়িয়ে থাকা মোটরসাইকেলে বাসের ধাক্কা, সন্তানসহ দম্পতি নিহত

ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদীতে বেপরোয়া গতির পরিবহনের ধাক্কায় শিশুসন্তানসহ এক দম্পতি নিহত হয়েছেন।

মঙ্গলবার (২৬ মে) দুপুর সাড়ে ১২টায় উপজেলার বাটাজোর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন বরিশালের উজিরপুরের বাসিন্দা ফিরোজ মাহমুদ (৩৭), তার স্ত্রী মনিয়া বেগম এবং শিশু সন্তান জান্নাত। গৌরনদী ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেন। ফায়ার সার্ভিস সূত্র জানায়, ফিরোজ মাহমুদ তার স্ত্রী মনিয়া বেগম ও শিশু সন্তান জান্নাতকে নিয়ে মোটরসাইকেলে করে উজিরপুরের উদ্দেশে যাচ্ছিলেন। পথে যানজটের কারণে বাটাজোর বাসস্ট্যান্ডে মোটরসাইকেলটি থামিয়ে রাখা হয়। এসময় বরিশালগামী একটি বাস পেছন থেকে মোটরসাইকেলকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই ফিরোজ মাহমুদ, তার স্ত্রী মনিরা বেগম ও শিশুসন্তান জান্নাত নিহত হন। গৌরনদী হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মহসীন বলেন, 'দুর্ঘটনাকবলিত বাস জব্দ করা হয়েছে। এ ঘটনায় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## সরকারি কর্মকর্তাদের পদায়ন ও বদলির নামে প্রতারণা, গ্রেফতার দুই

স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়ের পরিচয় ব্যবহার করে কর্মকর্তাদের কাঙ্ক্ষিত ও লোভনীয় স্থানে বদলি এবং পদোন্নতির প্রলোভন দেখিয়ে অবৈধ আর্থিক লেনদেনের অভিযোগ উঠেছে একটি চক্রের বিরুদ্ধে। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে চক্রের দুই সদস্যকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ডিবির সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম (উত্তর) বিভাগ। গ্রেফতার ব্যক্তিরা হলেন এম আমিনুর রহমান শান্ত (৪৪) ও নিলুফা সুলতানা (৫৬)। মঙ্গলবার (২৬ মে) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি)এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। ডিবি-সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম (উত্তর) বিভাগের বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, গত বুধবার (২০ মে) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মন্ত্রীর সহকারী একান্ত সচিব কামরুল হাসান ডিএমপি কমিশনার বরাবর একটি লিখিত অভিযোগ দায়ের করেন। পরবর্তীতে ডিএমপি পুলিশ কমিশনার ডিবিকে অনুসন্ধানপূর্বক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। অভিযোগে উল্লেখ করা হয়, জনৈক এক ব্যক্তি তার ব্যবহৃত হোয়াটসঅ্যাপ থেকে বিভিন্ন মন্ত্রণালয়ের পরিচয় ব্যবহার করে কর্মকর্তাদের বদলি, পদোন্নতি প্রদান করতে পারবে মর্মে মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তাদের ফোন করে আসছে। ওই ব্যক্তি মন্ত্রণালয়ের উচ্চপর্যায়ের কর্মকর্তাদের পদায়নের বিষয়ে অবৈধভাবে আর্থিক লেনদেনের জন্য যোগাযোগ করেছে মর্মে গোপন তথ্যে জানা যায়। এছাড়া, মন্ত্রণালয়ের অধীনে যে কোনো কার্যক্রম করার সক্ষমতা রয়েছে বলে হোয়াটসঅ্যাপ মেসেজে জানান অভিযুক্ত ব্যক্তি।

অভিযোগের পরিপ্রেক্ষিতে ডিবি-সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম (উত্তর) বিভাগের সোশ্যাল মিডিয়া ক্রাইম ইনভেস্টিগেশন টিম গোপন অনুসন্ধান শুরু করে। অনুসন্ধানের ভিত্তিতে বুধবার (২০ মে) রাতে হাতিরঝিল থানাধীন পশ্চিম রামপুরার একটি বাসায় অভিযান পরিচালনা করে মূল হোতা এম আমিনুর রহমান শান্তকে গ্রেফতার করা হয়। এ সময় তার হেফাজত থেকে প্রতারণার কাজে ব্যবহৃত মোবাইল ফোন ও সিম জব্দ করা হয়। ডিএমপির কর্মকর্তা এন এম নাসিরুদ্দিন বলেন, পরবর্তীতে গ্রেফতার আমিনুর ঘটনার সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেন। তার হোয়াটসঅ্যাপ মেসেজ বিশ্লেষণ করে চক্রের আরও একজন সদস্যের তথ্য পাওয়া যায়। এমন তথ্যের ভিত্তিতে অভিযান পরিচালনা করে চক্রের সঙ্গে জড়িত আরেক সদস্য নিলুফা সুলতানাকে (৫৬) গ্রেফতার করা হয়। এ ঘটনায় গ্রেফতার ব্যক্তিদের বিরুদ্ধে রমনা থানায় একটি নিয়মিত মামলা করা হয়। চক্রের সঙ্গে জড়িত অন্যান্য সদস্যদের গ্রেফতারে অভিযান অব্যাহত আছে বলেও জানান এই কর্মকর্তা।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## উত্তরায় ধর্ষণের গুজব, ভাইরাল পোস্ট ভিত্তিহীন জানালো ডিএমপি

সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একটি ভিডিও পোস্ট প্রচার করে দাবি করা হয়, রাজধানীর উত্তরায় স্বামীর সঙ্গে ঈদের মার্কেট করতে এসে, ধর্ষণের শিকার এক নারী। বিষয়টি সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিতভাবে অপপ্রচার বলে জানিয়েছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। মঙ্গলবার (২৬ মে) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন। এন এম নাসিরুদ্দিন বলেন, সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যাচাই-বাছাই ও অনুসন্ধানে

এ ধরনের কোনো ঘটনা উত্তরায়, কিংবা বাংলাদেশের কোথাও সংঘটিত হওয়ার তথ্য পাওয়া যায়নি। জনমনে আতঙ্ক সৃষ্টি, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিভ্রান্তি ছড়ানো এবং সামাজিক অস্থিরতা তৈরির অপচেষ্টা হিসেবে একটি মহল সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে এ ধরনের গুজব ছড়াচ্ছে। এতে আরও বলা হয়, সম্প্রতি বিভিন্ন পুরোনো, সাজানো কিংবা ভিন্ন দেশের ভিডিও বাংলাদেশে ঘটেছে বলে প্রচারের একাধিক ঘটনা আন্তর্জাতিক ও দেশীয় ফ্যাক্টচেক সংস্থাগুলো মিথ্যা বলে শনাক্ত করেছে। জনসাধারণকে এ ধরনের বিভ্রান্তিকর পোস্ট, ভিডিও ও গুজবে কান না দেওয়ার জন্য অনুরোধ জানিয়েছে ডিএমপি। কোনো তথ্য শেয়ার করার আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা নির্ভরযোগ্য গণমাধ্যম থেকে সত্যতা যাচাই করার আহ্বানও জানানো হচ্ছে। একই সঙ্গে গুজব ও অপপ্রচার ছড়িয়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করার সঙ্গে জড়িতদের শনাক্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলেও জানানো হয়। সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সবাইকে দায়িত্বশীল আচরণ করার জন্য অনুরোধও করা ডিএমপির তরফে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## শেখ হাসিনার দেশে ফেরার দাবি ‘স্ট্যান্ডবাজি’ ছাড়া কিছু নয়: রিজভী

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরার দাবি ‘স্ট্যান্ডবাজি’ ছাড়া আর কিছু নয় বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। দেশে ফিরে এসে বিচারের মুখোমুখী হওয়ার জন্যও হাসিনার প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। মঙ্গলবার (২৬ মে) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এসব কথা বলেন তিনি। এদিকে, সরকারের গৃহীত পদক্ষেপের কারণে এবার মানুষ স্বস্তিতে ঈদ উদযাপন করতে যাচ্ছে উল্লেখ করে রিজভী বলেন, ঈদে ঘরমুখো মানুষের যাতায়াতে আগে যে নিরাপত্তাহীনতা ছিল, এবার তা নেই। সড়কের অরাজকতা মোকাবিলায় সরকার তৎপর থাকায় এবার ঈদযাত্রায় তেমন যানজটও নেই। তিনি আরও বলেন, ঈদকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা পরিস্থিতিও আগের তুলনায় অনেক ভালো আছে। বর্তমান সরকার প্রথম ১০০ দিনে নির্বাচনি ইশতেহার বাস্তবায়নের যে তৎপরতা দেখিয়েছে, আগামীতেও জনগণকে দেওয়া প্রত্যেকটি প্রতিশ্রুতি প্রধানমন্ত্রী তারেক রহমান বাস্তবায়ন করবেন। এ সময় বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট আব্দুস সালাম আজাদ এমপিসহ অন্যরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## কোরবানির বর্জ্য অপসারণে মাঠে থাকবেন ডিএনসিসির ১৬ হাজার কর্মী

কোরবানির পশুর বর্জ্য দ্রুত অপসারণ ও সার্বিক ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) ১৬ হাজার কর্মী মাঠপর্যায়ে কাজ করবেন। একই সঙ্গে ৭৫০টিরও বেশি বর্জ্যবাহী গাড়ি ডিএনসিসি এলাকার কোরবানির পশুর বর্জ্য আমিনবাজার ল্যান্ডফিলে ডাম্পিংয়ের কাজে নিয়োজিত থাকবে। এসব বর্জ্য ঈদের দিন দুপুর ১২টা থেকে দিনগত রাত ১২টার মধ্যে (১২ ঘণ্টার মধ্যে) অপসারণ করা হবে। মঙ্গলবার (২৬ মে) রাজধানীর গুলশানে নগর ভবনে আসন্ন কোরবানির ঈদে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আয়োজিত মতবিনিময় সভায় ডিএনসিসি প্রশাসক মো. শফিকুল ইসলাম খান এসব কথা বলেন। সভায় প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিএনসিসি প্রশাসক। প্রধান অতিথির বক্তব্যে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী সারা দেশের কোরবানির পশুর হাট, চামড়া ব্যবস্থাপনা, যানজট নিরসন ও বর্জ্য অপসারণ কার্যক্রম নিয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠকের মাধ্যমে বিশেষ নির্দেশনা দিয়েছেন। সেই নির্দেশনার আলোকে সিটি করপোরেশনগুলোকে ১২ ঘণ্টার মধ্যে কোরবানির পশুর বর্জ্য অপসারণের নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি বলেন, আমি বিশ্বাস করি, ডিএনসিসির যে প্রস্তুতি দেখলাম, তাতে নির্ধারিত সময়ের অনেক আগেই নগরবাসীকে পরিচ্ছন্ন ও স্বস্তিদায়ক পরিবেশ উপহার দেওয়া সম্ভব হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৬.০৫.২০২৬ রুবাইয়া)

## শক্তি বাড়াতে সারাদেশে যুব বিভাগকে সক্রিয় করছে জামায়াত

রাজনৈতিক ও সাংগঠনিক শক্তি আরও বিস্তৃত করতে সারাদেশে যুব বিভাগকে সক্রিয় করছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। তরুণদের সংগঠিত করা, সামাজিক কার্যক্রমে সম্পৃক্ত করা ও দেশের কল্যাণে কাজ করাসহ ভবিষ্যৎ নেতৃত্ব তৈরির লক্ষ্যেই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে দলীয় সূত্রে জানা গেছে। জামায়াতের যুব বিভাগ সাংগঠনিকভাবে থাকলেও রাজধানীর গুরুত্বপূর্ণ কিছু ইউনিট ছাড়া ধীরগতির কার্যক্রম ছিল। এছাড়া রাজনৈতিক মাঠে তৎপরতা বাড়াতে দলটির যুব বিভাগকে শক্তিশালী করা হবে। সাংগঠনিক কাঠামোতে রেখে দৃশ্যমান কাজ করবে দলের যুব বিভাগ। গত ১৯ মে জামায়াতে ইসলামী ঢাকা মহানগর উত্তরের যুব বিভাগের কমিটি পুনর্গঠন করা হয়। মহানগর উত্তর যুব বিভাগের একটি ইউনিট দায়িত্বশীল সম্মেলনে শিবিরের সাবেক কেন্দ্রীয় সভাপতি ইয়াসিন আরাফাতকে সভাপতি ও মোস্তফা ফয়সাল পারভেজকে সাধারণ সম্পাদক করে নতুন কমিটি ঘোষণা করেন ঢাকা মহানগর উত্তর জামায়াতের আমির মো. সেলিম উদ্দিন। জামায়াতে ইসলামী ও ছাত্রশিবিরের নেতাকর্মীরা বলছেন, দেশের অন্যান্য রাজনৈতিক দলগুলোর মধ্যে বিএনপির যুবদল, জাতীয় নাগরিক পার্টির যুবশক্তি এবং কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের যুবলীগের মতো যুব সংগঠন রয়েছে। এসব সংগঠন রাজনৈতিক কর্মসূচি বাস্তবায়ন, মাঠ পর্যায়ে শক্তি প্রদর্শন এবং তরুণদের সংগঠিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## বিআরটিএর আদলে নকল ওয়েবসাইট, মালিকদের নামে যাচ্ছে মামলার ভুয়া মেসেজ

ঢাকার সাভারের মহাসড়কে চলাচলকারী অনেকেই কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ভিডিও নজরদারির আওতায় মামলা ও জরিমানা সংক্রান্ত খুদেবার্তা (মেসেজ) পাচ্ছেন বলে অভিযোগ উঠেছে। এসব বার্তায় জরিমানার অর্থ পরিশোধের জন্য বলা হচ্ছে। একইসঙ্গে একটি ওয়েবসাইটে ঢুকতে বলা হচ্ছে। তবে এসব বার্তা ভুয়া বলছে পুলিশ। পুলিশের ভাষ্য, সাভার অঞ্চলে এমন মামলার কোনো প্রচলন শুরু হয়নি। বার্তাগুলো 'প্রতারণার কৌশল' বলে অভিহিত করেছে আইনশৃঙ্খলা বাহিনী। সম্প্রতি ঢাকা মহানগরীতে এআই নজরদারির আওতায় ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের ফোনে মামলা ও দণ্ড সংক্রান্ত নির্দেশনা দেওয়া হচ্ছে। এ তথ্যকে কাজে লাগিয়ে প্রতারণার ফাঁদ পেতেছে প্রতারক গোষ্ঠী। বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) আদলে ভুয়া ওয়েবসাইট তৈরি করে বিভিন্ন নম্বর থেকে মামলা ও জরিমানার খুদেবার্তা দেওয়া হচ্ছে পরিবহন মালিকদের। এরমধ্যে অন্তত কয়েকজন পরিবহন মালিকের ফোনে আসা জরিমানা সংক্রান্ত খুদেবার্তার স্ক্রিনশট এই প্রতিবেদকের হাতে এসেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## সাভারের ঘরমুখো মানুষের ঢল, মহাসড়কে দীর্ঘ যানজট

সাভারে ঘরমুখো মানুষের ঢল নেমেছে। একই সঙ্গে সড়ক ও মহাসড়কে বেড়েছে গণপরিবহনের চাপ। এতে মহাসড়কের কয়েকটি পয়েন্টে তৈরি হয়েছে দীর্ঘ যানজট। মঙ্গলবার (২৬ মে) সন্ধ্যায় ঢাকা-আরিচা মহাসড়ক, নবীনগর-চন্দ্রা সড়ক ও আব্দুল্লাহপুর-আশুলিয়া-ডিইপিজেড সড়ক ঘুরে এ চিত্র দেখা গেছে। সরেজমিনে দেখা যায়, গাজীপুরের চন্দ্রায় এবারও সৃষ্টি হয়েছে যানজট। যা গিয়ে ঠেকেছে জিরানী পর্যন্ত। জিরানী, কবিরপুর, বাড়ইপাড়া, জুম্মআ ঘরসহ কয়েকটি পয়েন্টে যানবহনের দীর্ঘ সারি। ১০ মিনিটের পথ পাড়ি দিতে সময় লাগছে কয়েক ঘণ্টা। এছাড়াও, ঢাকা-আরিচা মহাসড়কের হেমায়েতপুর, উল্লাইল, গেন্ডা, সাভার বাজার বাসস্ট্যান্ডে রয়েছে যানবাহনের তীব্র জটলা। এস কে পরিবহনের চালক আলাউদ্দিন বলেন, পথে পথে জটলা। রাজধানী গাবতলী থেকে চন্দ্রা আসতে সময় লেগেছে প্রায় সাড়ে চার ঘণ্টা। হেমায়াতপুর, আমিনবাজার, নবীনগর শেষমেষ চন্দ্রায় এসে যানজটে পড়তে হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## সাজেক-রাঙ্গামাটির হোটেল কটেজে ৫০ শতাংশ বুকিং

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে সাতদিনের ছুটিতে পর্যটকদের পদচারণায় মুখর থাকবে রূপের রানি রাঙ্গামাটি ও মেঘের উপত্যকা সাজেক। পাহাড়ি জেলা রাঙ্গামাটি ও পর্যটন কেন্দ্র সাজেকের হোটেল-মোটেল ও কটেজ ২৫ থেকে ৩০ মে পর্যন্ত ৫০ শতাংশ বুকিং হয়েছে। কাপ্তাই হ্রদ ও পাহাড় ঘেরা রাঙ্গামাটি শহরে হোটেল মোটেল আছে ৫৫টি, দ্বীপকেন্দ্রিক ও অন্যান্য মিলিয়ে কটেজ আছে ৩৫টি। এছাড়া আছে কাপ্তাই হ্রদে রাতযাপনের জন্য হাউজ বোট। সব মিলিয়ে পর্যটকদের ধারণ ক্ষমতা পাঁচ হাজারের অধিক। অন্যদিকে মেঘের উপত্যকা সাজেকে মোট রিসোর্ট ও কটেজের সংখ্যা ১২০টি। সাজেক উপত্যকার মেঘসজ্জা রিসোর্টের মালিক শাহিন হোসেন বলেন, আমরা আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছিলাম। বর্তমানে রিসোর্টের কাজ শেষ করেছি। তবে প্রচার প্রচারণায় যেতে পারিনি। বুকিং না থাকলেও পর্যটকদের বরণে এখন আমরা প্রস্তুত। সাজেক রিসোর্ট-কটেজ মালিক সমিতির সাংগঠনিক সম্পাদক রাহুল চাকমা জন বলেন, সাজেকের মোট ১২০টি রিসোর্ট-কটেজের প্রায় ৫০ শতাংশ বুকিং হয়েছে। তবে ঈদের ছুটি আগে শুরু হওয়ায় পর্যটকরা ঈদের পর তেমন সময় পাচ্ছেন না। তবুও যারা সাজেক বেড়াতে আসবেন তাদের সেবা দিতে প্রস্তুত রয়েছি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তি করেছেন আপনাদের পররাষ্ট্রমন্ত্রী

যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া বাণিজ্যচুক্তি নিয়ে বিএনপির দিকে অভিযোগের তীর ছুড়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। তিনি বলেন, আমেরিকার (যুক্তরাষ্ট্রের) সঙ্গে চুক্তি করেছেন আপনাদের পররাষ্ট্রমন্ত্রী। আপনারা বারবার জামায়াত, এনসিপি, অন্তবর্তীকালীন সরকার এবং অন্যদের ওপর দায় চাপিয়ে দিতে চান, অথচ চুক্তি করেছেন আপনাদের পররাষ্ট্রমন্ত্রী। মঙ্গলবার (২৬ মে) জাতীয় নাগরিক পার্টির কার্যালয়ে জরুরি সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। আসিফ মাহমুদ বলেন, যখন আমেরিকার সঙ্গে বাণিজ্য চুক্তি করা হয়, তখন সেই চুক্তি সম্পর্কে আমার কোনো জানা ছিল না। বলা হয়, চুক্তি করার সময় সব দলকে জানানো হয়েছে। কিন্তু জাতীয় নাগরিক পার্টিকে এ বিষয়ে কিছুই জানানো হয়নি। চুক্তির জন্য ৯০ দিনের সময় ছিল, কিন্তু সরকার এক মাসের মধ্যেই এই চুক্তি করেছে। আরও তো দুই মাস বাকি ছিল। তিনি বলেন, আমরা শুনেছি— যিনি এখন পররাষ্ট্রমন্ত্রী হয়েছেন, তিনি বিএনপির সঙ্গে সমঝোতার ভিত্তিতেই অন্তর্বর্তী সরকারের কাজ করেছেন। তিনি বিএনপির চুক্তির দায় অন্তর্বর্তী সরকারের ওপর চাপিয়ে দেওয়ার জন্য তড়িঘড়ি করে নির্বাচনের তিন দিন আগে চুক্তি করেছেন কি না— এমন প্রশ্ন জনমনে রয়েছে। এনসিপির মুখপাত্র বলেন, আমরা মনে করি, নির্বাচনের তিন দিন আগে বর্তমান পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানকে দিয়ে চুক্তি করিয়ে অন্তর্বর্তী সরকারের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। এখন বলা হচ্ছে, এই চুক্তি বর্তমান সরকার করেনি, আগের সরকার করেছে। এটা নিয়ে রাজনৈতিক খেলা চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## ঈদযাত্রায় গুলিস্তানে জনস্রোত, কাউন্টারে মিলছে না টিকিট

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে নাড়ির টানে বাড়ির পথে ছুটছেন রাজধানীবাসী। মহানগরীর বিভিন্ন বাস টার্মিনালে দেখা যাচ্ছে ঘরমুখো মানুষের উপচে পড়া ভিড়। তবে মাঝেমধ্যেই মুষলধারে নামা বৃষ্টির কারণে তাদের পড়তে হচ্ছে দুর্ভোগে। মঙ্গলবার (২৬ মে) গুলিস্তানের ফুলবাড়িয়া বাস টার্মিনালে গিয়ে দেখা যায়, বিভিন্ন পরিবহনের কাউন্টারের সামনে যাত্রীদের দীর্ঘ সারি। টার্মিনালজুড়ে টাঙানো রয়েছে বিভিন্ন রুট ও ভাড়ার তালিকা। যাত্রীদের জন্য করা হয়েছে অস্থায়ী ছাউনির ব্যবস্থাও। তবে অধিকাংশ দূরপাল্লার বাসের কাউন্টারে মিলছে না কাঙ্ক্ষিত টিকিট। যাত্রী ও পরিবহন সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা গেছে, বরিশাল, খুলনা, যশোর, গোপালগঞ্জ, বাগেরহাট, পিরোজপুর ও নড়াইলগামী অধিকাংশ পরিবহনের টিকিট আগেই শেষ হয়ে গেছে। এই টার্মিনাল থেকে ওয়েলকাম পরিবহন, দোলা পরিবহন, ইমাদ পরিবহন, পালকি পরিবহনসহ বিভিন্ন কোম্পানির বাস দক্ষিণ-পশ্চিমাঞ্চলের নানা রুটে চলাচল করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## ঈদে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে কর্মকর্তাদের নিবিড় তদারকির নির্দেশনা

আসন্ন পবিত্র ঈদুল আজহায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ ও এর অধীন সব দপ্তর ও সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাদের নিজ নিজ কর্মস্থল বা অবস্থানস্থলের বিদ্যুৎ পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণের নির্দেশনা দেওয়া হয়েছে। মঙ্গলবার (২৬ মে) সরকারি এক তথ্য বিবরণীতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, সংশ্লিষ্ট কর্মকর্তারা ঈদের ছুটিকালীন যে এলাকায় অবস্থান করবেন, সেখানকার বিদ্যুৎ পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন করবেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা দেবেন। একই সঙ্গে তারা পরিদর্শন সংক্রান্ত এক প্রতিবেদন বিদ্যুৎ বিভাগের সচিব বরাবর পাঠাবেন। এছাড়া, নিয়মিত রক্ষণাবেক্ষণকাজ এবং আকস্মিক বিদ্যুৎ-বিভ্রাটজনিত কারণে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকাকালীন গ্রাহক অসন্তোষ কমানোর লক্ষ্যে মাইকিং ও সামাজিক যোগাযোগমাধ্যমে স্থানীয় বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র থেকে গ্রাহকদের অবহিত করার নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনায় স্থানীয় মসজিদের ইমাম ও মুয়াজ্জিনদের মাধ্যমেও গ্রাহকদের অবহিত করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## বনশ্রীতে মাদরাসাছাত্রকে বলাৎকার, রিমান্ড শেষে আসামি কারাগারে

রাজধানীর রামপুরা বনশ্রীতে একটি মাদরাসায় এক শিক্ষার্থীকে বলাৎকারের পর হত্যার ঘটনায় দায়ের করা মামলায় ছাত্র মো. শিহাব হোসেনকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। মঙ্গলবার (২৬ মে) ঢাকা মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগ বিষয়টি নিশ্চিত করেছে। পুলিশ জানায়, গতকাল সোমবার (২৬ মে) পাঁচ দিনের রিমান্ড শেষে তাকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে পুলিশ। মামলার তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তাকে কারাগারে আটক রাখার আবেদন করেন তদন্ত কর্মকর্তা। শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হাসিব উল্লাহ পিয়াস এ আদেশ দেন। এর আগে গত ১৯ মে রাতে পাবনার বেড়া থানার খাকছাড়া গ্রাম থেকে শিহাবকে গ্রেফতার করা হয়। পরে ২১ মে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হাসিবুজ্জামান তার পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## সিরাজগঞ্জে বাস-সিএনজি সংঘর্ষে নিহত ৩

সিরাজগঞ্জের সলঙ্গায় যাত্রীবাহী বাসের ধাক্কায় সিএনজি চালকসহ তিনজন নিহত হয়েছেন। মঙ্গলবার (২৬ মে) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে ঢাকা-রাজশাহী মহাসড়কের র‍্যাব-১২ প্রধান কার্যালয়ের সামনে এ দুর্ঘটনা ঘটে। তবে তাৎক্ষণিকভাবে নিহতের নাম-পরিচয় জানা যায়নি। স্থানীয়রা জানান, হাটিকুমরুল এলাকা থেকে দুজন যাত্রী নিয়ে তাড়াশের দিকে সিএনজিটি যাচ্ছিল। র‍্যাব অফিস এলাকায় পৌঁছালে পেছন থেকে একটি যাত্রীবাহী বাস ধাক্কা দেয়। এতে সিএনজি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কে উল্টে চালকসহ তিনজন গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাদের হাসপাতালে নিলে চিকিৎসকরা তিনজনকেই মৃত্যু ঘোষণা করেন। হাটিকুমরুল হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসমাইল হোসেন জাগো নিউজকে জানান, নিহত তিনজনই পুরুষ। তবে এখন পর্যন্ত কারও নাম-পরিচয় জানা যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## নিরাপত্তা ঝুঁকির কারণে নাসীরুদ্দীন পাটওয়ারীর কার্যালয় বন্ধ ঘোষণা

নিরাপত্তা ঝুঁকির কারণে রাজধানীর মতিঝিলে অস্থায়ী কার্যালয়ের কার্যক্রম বন্ধ ঘোষণা করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক নাসীরুদ্দীন পাটওয়ারী। মঙ্গলবার (২৬) বিকেলে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে তার ভেরিফায়েড আইডিতে দেওয়া এক পোস্ট থেকে এ তথ্য জানা গেছে। পোস্টে বলা হয়, নিরাপত্তাজনিত কারণে মতিঝিলে হোটেল পারাবাতের গ্যারেজের অস্থায়ী অফিসের কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। সব সাংগঠনিক ও প্রশাসনিক কার্যক্রম এখন থেকে রূপায়ণ টাওয়ারের ১৫ তলায় পরিচালিত হবে। ঢাকা-৮ এর সর্বস্তরের জনগণ এবং বাংলাদেশের সব ভালোবাসার মানুষকে নতুন অফিসে যোগাযোগ করার জন্য আন্তরিক আহ্বান জানানো হয় পোস্টে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

### জোট করতে নাসীরুদ্দীন পাটওয়ারী পা ধরতে বাকি রেখেছিল: রাশেদ খাঁন

জোট করার জন্য জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক নাসীরুদ্দীন পাটওয়ারী গণঅধিকার পরিষদের সাবেক সাধারণ সম্পাদক মুহাম্মদ রাশেদ খাঁনের পা ধরতে বাকি রেখেছিলেন বলে দাবি করেছেন তিনি। মঙ্গলবার (২৬) সন্ধ্যায় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড আইডিতে দেওয়া এক পোস্টে তিনি এ দাবি করেন। বর্তমানে বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত রাশেদ খাঁন বলেন, 'এনসিপির সঙ্গে জোট করার জন্য নাসীরুদ্দীন পাটওয়ারী আমার পা ধরতে বাকি রেখেছিল। এনসিপি, এবি পার্টি, রাষ্ট্র সংস্কার আন্দোলনের শীর্ষ নেতাদের উপস্থিতিতেই সে এমন করেছিল!' রাশেদ খাঁন অভিযোগ করেন, এনসিপির মুখ্য সংগঠক আজ সংবাদ সম্মেলনে তাকে নিয়ে বাজে কথা বলেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

### শহীদ জিয়ার মৃত্যুবার্ষিকীতে ১৬ স্থানে খাদ্য বিতরণ করবেন প্রধানমন্ত্রী

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে রাজধানীতে দুস্থ ও অসহায় মানুষের মধ্যে খাদ্যসামগ্রী ও বস্ত্র বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বিএনপির পক্ষ থেকে এ কর্মসূচি আয়োজন করা হয়েছে। আগামী শনিবার (৩০ মে) ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপির উদ্যোগে রাজধানীর ১৬টি স্থানে একযোগে এ কর্মসূচি অনুষ্ঠিত হবে। এর মধ্যে ঢাকা মহানগরের ১৫টি সংসদীয় আসন এবং বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনের এলাকা অন্তর্ভুক্ত রয়েছে। মঙ্গলবার (২৬ মে) বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জাগো নিউজকে এ তথ্য জানান। তিনি বলেন, কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিতরণ কার্যক্রম উদ্বোধন করবেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। কর্মসূচির প্রথম পর্ব অনুষ্ঠিত হবে বেলা সাড়ে ১১টায় রাজধানীর মানিক মিয়া এভিনিউর টিঅ্যান্ডটি স্কুল মাঠে। সেখানে বিএনপির কেন্দ্রীয় নেতাদের পাশাপাশি অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মী, ঢাকা মহানগর বিএনপির নেতা এবং স্থানীয় পর্যায়ের নেতারাও উপস্থিত থাকবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### সন্ত্রাসীদের অভয়ারণ্য নির্মূল করা হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

সন্ত্রাসীদের অভয়ারণ্য নির্মূল করা হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার দুপুরে পুলিশ সদর দপ্তরের এনসিকম ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে সম্প্রতি চট্টগ্রামে পুলিশ ও র‍্যাবের ওপর হামলার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, 'জঙ্গল সলিমপুরসহ অন্যান্য জায়গায় র‍্যাব ও পুলিশের ওপর যে হামলা হয়েছে, সেটা আমরা খুব গভীরভাবে দেখেছি। এ বিষয়ে আমরা ব্যবস্থা নিচ্ছি। সেটা খুব শিগগিরই দৃশ্যমান হবে। তারা খুবই উদ্ধত আচরণ করেছে, দুঃসাহস দেখিয়েছে, সেটা খুব কঠোরভাবে নিয়ন্ত্রণ করবো।' তিনি বলেন, 'এটা অনুমান করতে পারি, দীর্ঘ ১৭ বছর দেশে আইনের শাসন ছিল না। দুর্বৃত্তায়নের একটা মহামারি ছিল। জঙ্গল সলিমপুরকে আমরা রাষ্ট্রের ভেতরে রাষ্ট্র হতে দেখেছি। সেটি আইনশৃঙ্খলা বাহিনীর নিয়ন্ত্রণে আনতে পেরেছে।' তিনি আরও বলেন, 'সেখানে যখন যৌথ অভিযান হয়েছে, অনেক অস্ত্র উদ্ধার হয়েছে, দাগী আসামি গ্রেপ্তার হয়েছে। সেখানে পুলিশ একাডেমি, র‍্যাবের একাডেমি, ক্রীড়া কমপ্লেক্সসহ বিভিন্ন স্থাপনার পরিকল্পনা আছে। চট্টগ্রাম জেলা কারাগার হওয়ার কথা আগে থেকেই। সেই জায়গায় সন্ত্রাসীরা তাদের পুরোনো অবস্থান ধরে রাখতে চাইছে। তবে তারা যে উদ্ধত আচরণ করেছে, দুঃসাহস দেখিয়েছে, সেটা খুব কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হবে।' সালাহউদ্দিন আহমদ বলেন, 'আমি এখনই পুরো পরিকল্পনা প্রকাশ করতে চাই না। তবে দেশে আইনের শাসন প্রতিষ্ঠা হবে। সন্ত্রাসীদের কোনো অভয়ারণ্য থাকতে দেওয়া হবে না। নির্মূল করা হবে। আশা করি সবাই সহযোগিতা করবেন। দেশে মাদক ব্যবসায়ী, চাঁদাবাজ— কারও জায়গা হবে না। এ বিষয়ে আমরা জিরো টলারেন্স নীতি নিয়েছি।' (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬.আসাদ)

### হাম ও উপসর্গে আরো ১০ শিশুর মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গে আরো ১০ শিশুর মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। একই সময়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে ৯৪৫ জন। মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত সময়ে ভর্তি হওয়া রোগীদের মধ্যে ৫৩ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। এ ছাড়া সন্দেহজনক উপসর্গ নিয়ে ভর্তি হয়েছে আরো ১ হাজার ৮৩ জন। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, দেশের বিভিন্ন হাসপাতালে আক্রান্ত শিশুদের চিকিৎসা চলছে। পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি ও নজরদারি জোরদার করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬.আসাদ)

### ঈদে প্রায় ১ কোটি পশু কুরবানি দেয়া হবে: প্রাণিসম্পদমন্ত্রী

এবারের ঈদে সারা দেশে প্রায় ১ কোটি পশু কুরবানির সম্ভাবনা রয়েছে। কুরবানিকে ঘিরে যে অর্থনীতি সঞ্চালিত হয় তা সারা দেশের মানুষের উপকারে আসে- এমন মন্তব্য করেছেন মৎস ও প্রাণিসম্পদমন্ত্রী মো. আমিনুর রশিদ।মঙ্গলবার সকালে কুমিল্লা নগরীর নেউরা কুরবানির পশুর হাট পরিদর্শনে এসে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। এ সময়

প্রাণিসম্পদমন্ত্রী বলেন, এবারের ঈদের বাজার অন্যান্যবারের তুলনায় নিরাপদ রয়েছে। প্রান্তিক চাষি থেকে শুরু করে ক্রেতা পর্যন্ত কুরবানির পশু ক্রয় বিক্রয়ের জন্য যাতে নিরাপদ হয় সেজন্য সরকার সকল ব্যবস্থা গ্রহণ করেছে। এখনো পর্যন্ত কোথাও থেকে কোন ধরনের অনিরাপত্তা বা অনিয়মের অভিযোগ পাওয়া যায়নি। এবারের বাজারে অবৈধভাবে আসা পশুও চোখে পড়েনি। মন্ত্রী আরও বলেন, আমরা বাজারগুলোতে ভেটেরেনারি টিম, জাল টাকা প্রতিরোধ ও চাঁদাবাজি প্রতিরোধে প্রশাসনিক-আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের থাকা নিশ্চিত করেছি। এ সময় আরও উপস্থিত ছিলেন কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রশাসক মো. ইউসুফ মোল্লা টিপু, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মো. শামসুল ইসলামসহ অন্যান্যরা। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬.আসাদ)

## ট্রানজিট ভিসা নিয়ে মিসর দূতাবাসের নতুন নির্দেশনা

বাংলাদেশি নাগরিকদের জন্য নতুন ভ্রমণ নির্দেশনা জারি করেছে ঢাকাস্থ মিসর দূতাবাস। এখন থেকে মিসর হয়ে অন্য দেশে যেতে হলে আগেই ট্রানজিট ভিসা সংগ্রহ করা বাধ্যতামূলক করা হয়েছে।

সোমবার প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে দূতাবাস এ তথ্য জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মিসরীয় কর্তৃপক্ষের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী, ট্রানজিট ভিসা অবশ্যই ঢাকাস্থ মিসর দূতাবাস থেকে আগে সংগ্রহ করতে হবে। বিমানবন্দরে গিয়ে এ ভিসা নেওয়ার সুযোগ থাকবে না।

নিম্নোক্ত গুরুত্বপূর্ণ বিষয় লক্ষ্য করুন:

১. ট্রানজিট ভিসা অবশ্যই পূর্বেই ঢাকাস্থ মিসর দূতাবাস থেকে সংগ্রহ করতে হবে।

২. ভ্রমণকারীর অবশ্যই একটি বৈধ পাসপোর্ট থাকতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে চূড়ান্ত গন্তব্য দেশের বৈধ ভিসা বা রেসিডেন্স পারমিট থাকতে হবে।

৩. ভ্রমণপথে মিশর অবশ্যই অন্য একটি গন্তব্যে যাওয়ার ট্রানজিট পয়েন্ট হিসেবে অন্তর্ভুক্ত থাকতে হবে।

৪. মিসরে প্রবেশ মিশরের অভিবাসন নীতিমালা মেনে চলার ওপর নির্ভরশীল, যার মধ্যে প্রবেশ নিষেধাজ্ঞার তালিকায় অন্তর্ভুক্ত না থাকা অন্যতম। সম্ভাব্য ভোগান্তি এড়াতে ভ্রমণের আগেই প্রয়োজনীয় ট্রানজিট ভিসা সংগ্রহের আহ্বান জানিয়েছে দূতাবাস। বিস্তারিত তথ্য ও আবেদন প্রক্রিয়া জানতে দূতাবাসের কনস্যুলার শাখার সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬.আসাদ)

## বিচার বিভাগ স্বাধীন বলেই অনেক মামলায় রাষ্ট্রপক্ষ হেরে যায়ঃ আইনমন্ত্রী

রামিসা হত্যার আলোচিত ঘটনায় শতভাগ ন্যায়বিচার নিশ্চিত করতে প্রশাসন ও বিচার বিভাগকে নির্দেশ দিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান। এসময় তিনি আরও বলেন, বাংলাদেশের বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন এবং এই স্বাধীনতার মাত্রা অন্য যেকোনো দেশের চেয়ে অনেক বেশি। মঙ্গলবার সকালে ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, দেশের বিচার বিভাগ বর্তমানে যতটা স্বাধীনতা উপভোগ করছে, তা অন্য কোথাও কমই দেখা যায়। বিচার বিভাগের এই নিরপেক্ষতার সবচেয়ে বড় প্রমাণ হলো—মামলায় রাষ্ট্রপক্ষের হেরে যাওয়া। বিচার বিভাগ স্বাধীন না হলে রাষ্ট্রপক্ষ এভাবে হারত না। দেশে বিচারাধীন মামলার পাহাড় জমছে কেন—এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বর্তমানে সারা দেশে প্রায় ৪৫ লাখ মামলা ঝুলে রয়েছে। মামলার এই দীর্ঘসূত্রিতার পেছনে মূল সংকটটি উল্লেখ তিনি বলেন, আমাদের দেশে মামলার সংখ্যার তুলনায় জজ এবং আইনজীবীর সংখ্যা অনেক কম। এই তীব্র জনবল সংকটের কারণেই মূলত মামলা নিষ্পত্তিতে সময় বেশি লাগছে। তবে সরকার এই সংকট দূর করতে কাজ করছে বলেও জানান। চাঞ্চল্যকর রামিসা হত্যা মামলার বিষয়ে মন্ত্রী বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি সংশ্লিষ্টদের নির্দেশ দিয়ে বলেন, এই মামলায় যেন কোনোভাবেই প্রকৃত বিচার ব্যাহত না হয়। শতভাগ ন্যায়বিচার নিশ্চিত করতে প্রশাসন ও বিচার বিভাগকে সর্বোচ্চ সচেষ্ট থাকার আহ্বান জানান তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬.আসাদ)

## জঙ্গল সলিমপুরে হামলার ঘটনায় নিজেদের দুর্বলতা স্বীকার করলেন র‍্যাব মহাপরিচালক

চট্টগ্রামের সীতাকুণ্ডের দুর্গম জঙ্গল সলিমপুরে ইয়াসিন বাহিনীর অতর্কিত হামলার ঘটনায় আগে থেকে যথাযথ নজরদারি করতে না পারার কথা স্বীকার করেছেন র‍্যাবের মহাপরিচালক আহসান হাবীব পলাশ। মঙ্গলবার জাতীয় ঈদগাহে ঈদের জামাতের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। র‍্যাব ডিজি বলেন, 'জঙ্গল সলিমপুরে র‍্যাব এবং পুলিশের চৌকি ছিল। ঠিকভাবেই কাজ করা হচ্ছিল। তবে আমাদের কিছু দুর্বলতা ছিল। সেভাবে মনিটর করতে পারিনি।' মহাপরিচালক বলেন, 'কোনোভাবেই ইয়াসিন বাহিনী বা অবৈধ দখলদার কেউ জঙ্গল সলিমপুরে প্রবেশ করতে পারবে না, টিকতেও পারবে না। আমরা তাদেরকে যেভাবেই হোক উচ্ছেদ করবই। এ পর্যন্ত ৩০ জনকে গ্রেফতার করা হয়েছে। এমন কোনো শক্তি নেই যে, সেখানে নতুন করে ঢুকতে পারবে।' (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬.আসাদ)

## ঈদে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ থাকবে: বিদ্যুৎ বিভাগ

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে দেশব্যাপী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা নিয়েছে সরকার। বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থায় ২৪ ঘণ্টা নজরদারির পাশাপাশি জরুরি মেরামতে বিশেষ টিম প্রস্তুত রাখা হয়েছে বলে জানিয়েছে বিদ্যুৎ বিভাগ। বিদ্যুৎ বিভাগের সচিব মিরানা মাহরুখ বাসসকে জানিয়েছেন, ঈদে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। সে আলোকে বিদ্যুৎ বিতরণ কোম্পানিগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। পুরো বিষয়টি মন্ত্রণালয় থেকে সরাসরি মনিটরিং করা হচ্ছে। ঈদের টানা সাত দিনের সরকারি ছুটিতে সারাদেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ বিশেষ তদারকি ব্যবস্থা নেওয়া হয়েছে, যাতে সারাদেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বজায় রাখা যায়। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, ঈদের সময় সম্ভাব্য বাড়তি চাহিদা মোকাবিলায় প্রয়োজনীয় বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা প্রস্তুত রাখা হয়েছে। জাতীয় গ্রিডে নিরবচ্ছিন্ন সরবরাহ বজায় রাখতে বিদ্যুৎ কেন্দ্রগুলোকে সর্বোচ্চ উৎপাদনে রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬.আসাদ)

## উত্তরায় নারী ধর্ষণের ভাইরাল পোস্টটি সম্পূর্ণ ভিত্তিহীন: ডিএমপি

রাজধানীর উত্তরায় নারী ধর্ষণের অভিযোগ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভাইরাল পোস্টকে সম্পূর্ণ মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত বলে জানিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। সম্প্রতি ফেসবুকে প্রচারিত একটি ভিডিওতে দাবি করা হয়, 'এই মুহূর্তে রাজধানীর উত্তরায় স্বামীর সাথে ঈদের মার্কেট করতে এসে, স্বামীকে বেঁধে রেখে, সংঘবদ্ধ ধর্ষণে অজ্ঞান স্ত্রী'। ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন জানান, বিষয়টি নিয়ে আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে তদন্ত ও যাচাই-বাছাই করা হয়েছে। তবে উত্তরা, ঢাকা মহানগরী কিংবা দেশের কোথাও এমন কোনো ঘটনার সত্যতা পাওয়া যায়নি। তিনি বলেন, জনমনে আতঙ্ক সৃষ্টি, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিভ্রান্তি ছড়ানো এবং সামাজিক অস্থিরতা তৈরির উদ্দেশ্যে একটি মহল সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে এ ধরনের গুজব ছড়াচ্ছে। ডিএমপি জানায়, সাম্প্রতিক সময়ে পুরোনো, সাজানো কিংবা বিদেশের ভিডিও বাংলাদেশে ঘটেছে বলে প্রচারের একাধিক ঘটনা দেশীয় ও আন্তর্জাতিক ফ্যাক্টচেক সংস্থাগুলো মিথ্যা হিসেবে শনাক্ত করেছে। জনসাধারণকে এ ধরনের বিভ্রান্তিকর পোস্ট ও ভিডিও শেয়ার না করার আহ্বান জানিয়েছে পুলিশ। কোনো তথ্য প্রচারের আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা নির্ভরযোগ্য গণমাধ্যম থেকে সত্যতা যাচাই করারও অনুরোধ করা হয়েছে। একই সঙ্গে গুজব ও অপপ্রচার ছড়িয়ে বিভ্রান্তি তৈরির সঙ্গে জড়িতদের শনাক্তে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে বলেও জানিয়েছে ডিএমপি। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬.আসাদ)

## জাতীয় সংসদ জনগণের আশা পূরণে সক্ষম হয়েছে: স্পিকার

এখন পর্যন্ত জাতীয় সংসদ জনগণের আশা পূরণে সক্ষম হয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। তিনি বলেন, সরকারি দল বাজেট দেবে, বিরোধীদল সমালোচনা করবে। বিরোধীদলের এই গঠনমূলক সমালোচনা আমরা স্বাগত জানাবো। মঙ্গলবার ভোলা সার্কিট হাউজে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। স্পিকার বলেন, আমি দেখব, সংসদে বিরোধীদল যাতে তাদের দায়িত্ব পালন করার জন্য পর্যাপ্ত সময় পায়। সরকারি দল এবং বিরোধী দলের মধ্যে সহযোগিতার মনোভাব আমি আগের সংসদ অধিবেশনে লক্ষ করেছি। এখনো আশা করি তাদের মধ্যে কো-অপারেশন থাকবে। সরকারি দল ও বিরোধীদল মিলেই একটি স্বাচ্ছন্দ্যময় বাজেট উপহার দেবে। যাতে করে জনজীবনে স্বস্তি নেমে আসে। তিনি আশা প্রকাশ করে আরও বলেন, সহযোগিতার মনোভাব প্রথম অধিবেশনে দেখতে পেয়েছি। সামনের বাজেট অধিবেশনেও আশা করি সেটি দেখতে পাবো। আমার ধারণা, এখন পর্যন্ত এই জাতীয় সংসদ জনগণের আশা পূরণে সক্ষম হয়েছে। আগামী দিনগুলোতে তারা আরও ভালো ভূমিকা রাখতে পারবে। দেশবাসীর এই সংসদ নিয়ে যে আশা-আকাঙ্ক্ষা, সেটি বাস্তবায়নের জন্য প্রত্যেক সংসদ সদস্য উদ্যোগী হবেন। ঈদ উপলক্ষে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ চারদিনের সফরে মঙ্গলবার দুপুরে নিজ জেলা ভোলায় আসেন। তার নির্বাচনী এলাকা লালমোহন যাওয়ার আগে ভোলা সার্কিট হাউজে তিনি যাত্রা বিরতি করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ আসাদ)

## রামিসা হত্যাকাণ্ডে দ্রুত বিচার নিশ্চিতে সর্বোচ্চ সহযোগিতা করা হবে: আইনমন্ত্রী

আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, শিশু রামিসা ধর্ষণ ও হত্যাকাণ্ডের বিষয়ে বিচারকার্য দ্রুত সম্পন্ন করার জন্য রাষ্ট্রের পক্ষ থেকে যতটুকু সহযোগিতা করা দরকার তা করা হবে। তবে সারাদেশে বিচারক এবং আইনজীবী সংকটের কারণে অনেক সময় বিচারকার্য দীর্ঘ হয়ে থাকে। মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে ঝিনাইদহের শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। আইন মন্ত্রণালয় থেকে আদালত নিয়ন্ত্রণ করা হয় এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহর এমন বক্তব্যের জবাবে আইনমন্ত্রী বলেন, হাসনাত আব্দুল্লাহ যা বলেছেন, তা আদালত অবমাননার শামিল। বিচারক বিচারকার্যে সম্পূর্ণ স্বাধীন। বিচারকরা স্বাধীনভাবে কাজ করছে বলেই তাদের নেতারা মামলায় গ্রেপ্তারের পরদিনই জামিন পেয়েছেন। বাংলাদেশের বিচারকরা অন্য যেকোনো দেশের তুলনায় স্বাধীনভাবে কাজ করতে পারে দাবি করে আইনমন্ত্রী বলেন, আমাদের মামলা জট রয়েছে। কারণ, আমাদের বিচারক

সংকট আছে। একই সঙ্গে আইনজীবীর সংখ্যাও কম। ট্রায়ালে অংশ নেয়ার মতো আইনজীবী বেশি না থাকায় মামলা জট কমানো যাচ্ছে না। এনসিপি নেতা হাসনাত আবদুল্লাহ ও নাসিরউদ্দীন পাটওয়ারীর বক্তব্যকে রাজনৈতিক আখ্যা দিয়ে আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেন, সম্প্রতি ঝিনাইদহে এনসিপি নেতাকর্মীদের সঙ্গে যা হয়েছে, সেখানে পুলিশের দায়িত্বশীলতার কোনো ঘাটতি ছিল না। বিচারকরাও স্বাধীনভাবে এ বিষয়ে ফাংশন করেছেন। কাজেই এগুলো নিয়ে বিভ্রান্তি ছড়াতে রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য তারা এ কথাগুলো তারা বলছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ আসাদ)

## জঙ্গল সলিমপুরে যৌথ বাহিনীর ক্যাম্পে হামলার ঘটনায় মামলা, আসামি ২৪২

চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার জঙ্গল সলিমপুরে সশস্ত্র হামলা চালিয়ে যৌথ বাহিনীর ক্যাম্প গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় মামলা করেছে পুলিশ। মামলায় এই ঘটনায় আলোচনায় আসা মো. ইয়াসিনসহ ৪২ জনকে আসামি করা হয়েছে। অজ্ঞাতপরিচয় আসামির সংখ্যা ২০০। মঙ্গলবার  মামলার বিষয়টি নিশ্চিত করেছেন সীতাকুণ্ড থানার ওসি মোহাম্মদ মহিনুল ইসলাম। এর আগে সোমবার রাতে সীতাকুণ্ড থানার ফৌজদারহাট পুলিশ ফাঁড়ির পরিদর্শক সোহেল রানা বাদী হয়ে মামলাটি দায়ের করেন। পুলিশ জানায়, ঘটনাস্থল থেকে গ্রেপ্তার পাঁচজন এবং সন্ত্রাসী ইয়াসিনসহ মোট ৪২ জনের নাম উল্লেখ করা হয়েছে মামলায়। এ ছাড়া অজ্ঞাতপরিচয় আরও ১৫০ থেকে ২০০ জনকে আসামি করা হয়েছে। পুলিশের ওপর সংঘবদ্ধ সশস্ত্র হামলা, সরকারি কাজে বাধা, সরকারি সম্পত্তির ক্ষতিসাধনের অভিযোগ এবং বিস্ফোরক আইনের বিভিন্ন ধারায় মামলাটি করা হয়েছে। মামলার বিষয়টি নিশ্চিত করে সীতাকুণ্ড থানার ওসি মোহাম্মদ মহিনুল ইসলাম বলেন, ঘটনাস্থল থেকে গ্রেপ্তার পাঁচজন এবং সন্ত্রাসী ইয়াসিনসহ মোট ৪২ জনের নাম উল্লেখ করা হয়েছে মামলায়। এর আগে গত রোববার দিবাগত রাত ২টার দিকে জঙ্গল সলিমপুরের আলীনগর এলাকায় যৌথ বাহিনীর একটি ক্যাম্পে হামলা চালায় সন্ত্রাসীরা। হামলার সময় ক্যাম্প লক্ষ্য করে গুলি ছোড়া হয়। পরে বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয় চৌকির দেয়ালসহ বিভিন্ন অবকাঠামো। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা যাতে দ্রুত ঘটনাস্থলে পৌঁছাতে না পারেন, সে জন্য অন্তত চারটি স্থানে রাস্তা কেটে দেওয়া হয়। পরে যৌথ বাহিনীর অভিযানের মুখে হামলাকারীরা পালিয়ে যায়। এদিকে হামলার পর র‍্যাবের পক্ষ থেকে জানানো হয়, হামলায় একে-৪৭-এর মতো আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হয়েছে। মূলত আগামী ৩১ মে জঙ্গল সলিমপুর পরিদর্শনে আসার কথা রয়েছে স্বরাষ্ট্রমন্ত্রীর। যে ক্যাম্পটি সন্ত্রাসীরা গুঁড়িয়ে দিয়েছে, সেটি তারই উদ্বোধন করার কথা ছিল। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ আসাদ)

## মার্কিন বাণিজ্যচুক্তি সম্পর্কে এনসিপির সঙ্গে আলোচনা করা হয়নি: আসিফ মাহমুদ

যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া বাণিজ্যচুক্তির আগে জাতীয় নাগরিক পার্টির সঙ্গে কোনো আলোচনা করা হয়নি বলে জানিয়েছেন দলটির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। তিনি বলেছেন, আমেরিকার  সঙ্গে চুক্তি করেছেন আপনাদের পররাষ্ট্রমন্ত্রী। আপনারা বারবার জামায়াত, এনসিপি, অন্তবর্তীকালীন সরকার এবং অন্যান্যদের ওপর দায় চাপিয়ে দিতে চান, অথচ চুক্তি করেছেন আপনাদের পররাষ্ট্রমন্ত্রী।মঙ্গলবার  জাতীয় নাগরিক পার্টির কার্যালয়ে জরুরি সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। আসিফ মাহমুদ বলেন, যখন আমেরিকার সঙ্গে বাণিজ্য চুক্তি করা হয়, তখন সেই চুক্তি সম্পর্কে আমার কোনো জানা ছিল না। বলা হয়ে থাকে, চুক্তি করার সময় সব দলকে জানানো হয়েছে। কিন্তু জাতীয় নাগরিক পার্টিকে এ বিষয়ে কিছুই জানানো হয়নি। চুক্তির জন্য ৯০ দিনের সময় ছিল, কিন্তু সরকার এক মাসের মধ্যেই এই চুক্তি করেছে। আরও তো দুই মাস বাকি ছিল। তিনি বলেন, আমরা শুনেছি— যিনি এখন পররাষ্ট্রমন্ত্রী হয়েছেন, তিনি বিএনপির সঙ্গে সমঝোতার ভিত্তিতেই অন্তবর্তী সরকারের কাজ করেছেন। তিনি বিএনপির চুক্তির দায় অন্তবর্তী সরকারের ওপর চাপিয়ে দেওয়ার জন্য তড়িঘড়ি করে নির্বাচনের তিন দিন আগে চুক্তি করেছেন কি না— এমন প্রশ্ন জনমনে রয়েছে। এনসিপির মুখপাত্র বলেন, আমরা মনে করি, নির্বাচনের তিন দিন আগে বর্তমান পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানকে দিয়ে চুক্তি করিয়ে অন্তবর্তী সরকারের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। এখন বলা হচ্ছে, এই চুক্তি বর্তমান সরকার করেনি, আগের সরকার করেছে। এটা নিয়ে রাজনৈতিক খেলা চলছে। তিনি বলেন, তিনি তো বর্তমানে বিএনপির পররাষ্ট্রমন্ত্রী। তার মানে বিএনপির পররাষ্ট্রমন্ত্রীই এই চুক্তি করেছেন। এর বাইরে কিছু হয়ে থাকলে চুক্তির যেসব অংশ দেশের স্বার্থের পরিপন্থি, সেগুলো বাদ দিন। বিশ্বের দুটি দেশ আমেরিকার সঙ্গে চুক্তি বাতিল করেছে। আসিফ মাহমুদ আরও বলেন, আপনারা বারবার জামায়াত, এনসিপি, অন্তবর্তীকালীন সরকার এবং অন্যান্যদের ওপর দায় চাপিয়ে দিতে চান, অথচ চুক্তি করেছেন আপনাদের পররাষ্ট্রমন্ত্রী। মানুষকে ভুলের মধ্যে রাখার জন্য এসব করা হচ্ছে। এই মনোভাব থেকে বেরিয়ে আসতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ আসাদ)

## ঈদে ২৪ ঘণ্টা খোলা থাকবে সিএনজি স্টেশন

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে দেশের সিএনজি ফিলিং স্টেশনগুলো টানা ১৩ দিন ২৪ ঘণ্টা খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন  চেয়ারম্যানকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে একটি চিঠিও দেওয়া হয়েছে। চিঠিতে বলা হয়েছে, ঈদের দিনসহ এর আগের সাত দিন ও পরের পাঁচ দিন অর্থাৎ ২১ মে থেকে ২ জুন পর্যন্ত সিএনজি ফিলিং স্টেশনসমূহ

সার্বক্ষণিক চালু থাকবে। ঈদের সময় মহাসড়কে যানবাহন চলাচল স্বাভাবিক রাখতে ও যাত্রীদের যাতায়াত সহজ করতেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ আসাদ)

**পিকআপ-মোটরসাইকেল সংঘর্ষ, নিহত ২**

সাতক্ষীরায় পিকআপ ভ্যান ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত হয়েছেন। মঙ্গলবার ভোর ৬টার দিকে খুলনা-পাইকগাছা সড়কের তালা উপজেলার তেঁতুলিয়া জামে মসজিদ সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- উপজেলার খলিলনগর ইউনিয়নের প্রসাদপুর গ্রামের খোকন ফকিরের ছেলে ও মোটরসাইকেলচালক নাসিম ফকির এবং আরোহী মেহেদী হাসান । তারা সম্পর্কে চাচাতো ভাই। স্বজনরা জানান, মঙ্গলবার ভোরে নিজেদের খামারের জন্য মাছ আনতে চুকনগরের উদ্দেশে মোটরসাইকেলযোগে রওনা হন নাসিম। এ সময় তার সঙ্গে ছিলেন মেহেদী হাসান।তালা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহিদুল ইসলাম হাওলাদার ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এ ঘটনায় আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৫.২০২৬ আসাদ)

# BBC

**US LAUNCHES NEW STRIKES ON IRAN, TARGETING MISSILE SITES AND BOATS**

The US said it launched new strikes on southern Iran on Monday, targeting Iranian missile sites and boats attempting to place mines. The strikes were in "self-defence" and designed "to protect our troops from threats posed by Iranian forces", US Central Command (Centcom) said in a statement. Iran's Islamic Revolutionary Guard Corps (IRGC) said on Tuesday it had downed a US drone and fired at a fighter jet and another drone that entered Iranian airspace, state media reported. It did not specify when this happened. It added that Iran had the "legitimate and definite" right to retaliate against any US ceasefire violations. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**FOUR KILLED AS SCHOOL MINIBUS COLLIDES WITH TRAIN IN BELGIUM**

Two children, aged 12 and 25, and two adults have been killed in a collision between a train and a school minibus in Buggenhout, northern Belgium. The bus had been carrying seven children, a driver, 49, and a chaperone, 27, at the time of the collision, which took place shortly after 08:00 local time. "The bus was on its way to a special education school. It concerns mainly secondary school children," said federal police spokeswoman An Berger. Belgian mobility minister Jean-Luc Crucke confirmed reports that the barriers on a level crossing had been down when the crash happened. The other five children on the bus are in a critical but stable condition in hospital, the public prosecutor's spokeswoman told reporters, adding that an investigation has been launched into the incident. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**NETANYAHU SAYS ISRAEL WILL INTENSIFY STRIKES AGAINST HEZBOLLAH**

Israel's military says it has begun a wave of strikes across Lebanon following an announcement by Prime Minister Benjamin Netanyahu that his country will intensify its attacks on Hezbollah. The Israel Defense Forces (IDF) said it had launched strikes against Hezbollah in the eastern Bekaa Valley and other parts of the country. Hezbollah, a Shia Muslim armed group in Lebanon backed by Iran, said it had retaliated by carrying out 22 drone and rocket attacks and that its targets included Israeli soldiers, tanks, barracks and buildings. On Tuesday morning, the IDF said it had "struck more than 100 Hezbollah infrastructure sites and terrorists". Twelve people are said to have been killed in an attack on the village of Mashghara in the Bekaa Valley, Lebanese local media reported. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**AUSTRALIA CONFIRMS FIRST DIPHTHERIA DEATH AMID WORST OUTBREAK IN DECADES**

Australia has recorded its first diphtheria death in almost a decade as the country grapples with the worst outbreak of the Vaccine-Preventable disease in decades. In March, the Northern Territory (NT) declared an outbreak of diphtheria with cases also in Western Australia, South Australia and Queensland. Cases started rising in late-2025 with a sharp increase in February. This year, there have been 245 cases, marking the largest outbreak in Australia since 1991, mainly in remote Indigenous communities. On Tuesday, NT's health minister said autopsy results from an overseas lab found diphtheria was the cause of a man's death in April at Royal Darwin Hospital, the first such case since 2018. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**RUSSIA THREATENS MORE KYIV STRIKES AND TELLS FOREIGN NATIONALS TO LEAVE**

Russia has threatened to launch a fresh wave of "systematic strikes" against Kyiv, days after carrying out one of its largest attacks on the Ukrainian capital since the start of the war. The new strikes will target "decision-making centres and command posts", alongside drone manufacturing facilities in the city, Russia's foreign ministry said in a statement. Moscow has called for foreign nationals and diplomats to leave Kyiv "as soon as possible" and warned citizens to stay away from administrative and military buildings. Ukraine said Russia's threats were "nothing short of shameless blackmail" and urged allies to increase pressure on Moscow. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**MORE THAN 1.5M FOREIGN PILGRIMS BEGIN HAJJ DESPITE IRAN WAR FEARS**

Muslims have begun the annual Hajj pilgrimage in Saudi Arabia against the backdrop of a region deeply shaken by the Iran war. Saudi authorities said last week that some 1.51 million pilgrims had arrived from outside the kingdom. That is 11,000 more than last year, despite concerns in the region about a resumption of the three-month-old conflict between the US, Israel and Iran. Before a fragile ceasefire took effect last month, Iran launched waves of missile and drone attacks on Saudi Arabia and its Gulf neighbours in retaliation for US and Israeli air strikes. Two civilians living in the central city of al-Kharj were killed in an Iranian attack on 8 March, along with a US service member stationed at the nearby Prince Sultan Air Base. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**SENEGAL'S SACKED PM SONKO ELECTED PARLIAMENTARY SPEAKER IN CHALLENGE TO PRESIDENT**

Senegal's former Prime Minister Ousmane Sonko, who was dramatically sacked on Friday by the president, has been elected Speaker of the national parliament setting up a possible source of conflict at the top of Senegalese politics. The West African nation's current crisis follows months of tension between Sonko and his one-time ally President Bassirou Diomaye Faye. Parliament's previous Speaker stepped down on Sunday to make way for the former prime minister, who is a popular figure and whose Pastef party has a majority of the seats in the National Assembly. On Monday, Faye appointed economist Ahmadou Al Aminou Lo to replace Sonko as prime minister. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**EBOLA NEEDS SWIFT RESPONSE TO PREVENT CATASTROPHE: DR CONGO GOVERNOR**

The military governor of the Democratic Republic of Congo's Ituri province, the epicentre of the current Ebola outbreak, has likened the struggle to contain the spread of the virus to a "war" for which they are lacking resources to fight. "People in affected areas are not receiving enough food," Johnny Luboya Nkashama told French broadcaster RFI, adding that "other diseases" and "overcrowding" are also issues. He called for a "swift response", including strengthening the capacity of staff to prevent Ituri "from descending into catastrophe". Officials say there are more than 900 suspected cases of Ebola, and 223 suspected deaths, since the outbreak was declared on 15 May. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**CARNEY SAYS ALBERTA REFERENDUM 'DANGEROUS BLUFF' AND LIKENS TO BREXIT**

Prime Minister Mark Carney has called the upcoming Alberta referendum on separation from Canada a "dangerous bluff", comparing it to the Brexit vote that saw the UK leave the European Union. Carney, who led the Bank of England during Brexit, said that 10 years on from the referendum the UK was "trying to undo what people didn't think they were voting for, but what they ended up having". He also cautioned against voting in favour of a separation vote as a way to strengthen Alberta's negotiating position with Ottawa, saying it may bring unintended consequences. Alberta's will decide 19 October whether they want to remain part of Canada or hold a binding vote on separation at a later date. Speaking to reporters on Monday, Carney said he will be campaigning for Canadian unity in the coming months. (BBC News Web Page: 26/05/26, FARUK)

**ELEVEN KILLED IN LEBANON VILLAGE AS ISRAEL INTENSIFIES STRIKES**

Israel has launched an intensive wave of strikes across swathes of southern and eastern Lebanon, after vowing to step up its military action against Hezbollah. The Israeli military said it hit more than 100 Hezbollah infrastructure sites and fighters during what was one of the heaviest nights of bombardment since a US-brokered ceasefire began in mid-April. Strikes in the Bekaa Valley village of Mashghara killed 11 people, including two children,

Lebanon's health ministry said. The military said it hit sites where "terrorist activity" was identified. It came after Israel's Prime Minister Benjamin Netanyahu said he had given the instruction to "press the pedal even harder" in targeting Hezbollah. (BBC News Web Page: 26/05/26, FARUK)